# Bangladesh Water Development Board

প্রকল্প পরিচালকের দপ্তর
পিএমইউ, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প (আইএমআইপি)-
মুহুরি সেচ প্রকল্প (এমআইপি)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ওয়াপদা ভবন (৮তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
টেলিফোন নং: ০২-৯৫৫৬১২৪
ইমেইল: pd.imip.bwdb@gmail.com

**Office of the Project Director**
**PMU, Irrigation Management Improvement Project (IMIP)**
**For Muhuri Irrigation Project (MIP)**
**Bangladesh Water Development Board**
**Wapda Building (7th Floor)**
**Motijheel C/A, Dhaka-1000**
***Phone No.: 02-9556124***
***E-mail: pd.imip.bwdb@gmail.com***

**Memo No.:** PD-IMIP/M-11/391 **Date:** 01/11/2023

## Notice for Contract Signing between BWDB and MIP M-IMO Management Council and Workshop on M-IMO Guidelines

This is informed to all concerned that the Ministry of Water Resources (MoWR) vide Memo No. 42.00.0000.035.24.100.17.305, Dated: 18/09/2023 has approved Guidelines for Management-Irrigation Management Operator (M-IMO) constitution, Management, Operation & Maintenance (MoM) of Muhuri Irrigation Project. Subsequently Bangladesh Water Development Board (BWDB) vide Memo No. 41.01.0000.004.06.037.19-461, Dated: 18/10/2023 has also formed M-IMO Management Council for better Management, Operation and Maintenance (MOM) of Muhuri Irrigation Project (MIP). In accordance with approved Guidelines, a Contract between BWDB and M-IMO Management Council is going to be signed **on 07/11/2023 at 15.00 hrs** at DG's Conference Room, Level-5 of Pani Bhaban, 72, Green Road, Dhaka and following a Workshop on M-IMO Guidelines.

Director General, BWDB has kindly consented to grace the contract signing ceremony as Chief Guest and Additional Director General (Planning, Design & Research), Additional Director General (Western Region), Additional Director General (Eastern Region), Additional Director General (Administration) and Additional Director General (Finance) will also be present as Special Guests.

Therefore, all concerned are requested to make it convenaient to attend the Contract Signing Ceremony on time.

This notice has been issued prior kind consent of Director General, BWDB, Dhaka.

Signed/ 01/11/2023
**(Md. Rafius Sazzad PEng.)**
Additional Chief Engineer/Project Director

**Memo No.:** PD-IMIP/M-8/(41)/391 **Date:** 01/11/2023

**Copy forwarded for kind information (not as per seniority):**
**BWDB**

1. Director General, BWDB, Pani Bhaban, 72, Green Road, Dhaka.
2. Additional Director General (Planning, Design & Research), BWDB, Dhaka.
3. Additional Director General (Western Region), BWDB, Dhaka.
4. Additional Director General (Eastern Region), BWDB, Dhaka.
5. Additional Director General (Administration), BWDB, Dhaka.
6. Additional Director General (Finance), BWDB, Dhaka.
7. Chief Engineer, Monitoring, BWDB, Dhaka.
8. Chief Engineer, Planning, BWDB, Dhaka.
9. Chief Engineer, Eastern Region, BWDB, Comilla (M-IMO Guidelines are attached).

10. Chief Engineer, O&M, BWDB, Dhaka.
11. Chief Water Management, BWDB, Dhaka.
12. CSO to Director General, BWDB, Dhaka.
13. Director (Board), BWDB, Dhaka.
14. Director (Personal), BWDB, Dhaka.
15. Senior System Analyst, Central ICT Directorate, BWDB, Dhaka- **with a request to publish on the BWDB website (www.bwdb.gov.bd).**
16. Deputy Director, ADG Planning Office, BWDB Dhaka
17. Deputy Director, Admin, ADG Admin Office, BWDB Dhaka.
18. Mr. Muhammad Shahid Shikdar, Programmer, Central Ict Directorate, BWDB Dhaka.
19. GM/DGM, CRE, Electrical Engineer, IMIP, C-IMO, Feni (M-IMO Guidelines are attached).
20. IMIP (all Officers), BWDB, Dhaka.

**MIP M-IMO Management Council**

1. Superintending Engineer, Feni O & M Circle, BWDB, Feni-President. (Office order & M-IMO Guidelines are attached).
2. Executive Engineer, Feni O & M Division, BWDB, Feni-Member. (Office order & M-IMO Guidelines are attached).
3. Deputy Chief Extension Officer, BWDB, Feni-Member (Office order & M-IMO Guidelines are attached).
4. Deputy Director, Directorate of Agricultural Extension, Feni-Member. (Office order & M-IMO Guidelines are attached).
5. General Manager, Polli Biddut Somiti (PBS), Feni-Member. (Office order & M-IMO Guidelines are attached).
6. President, Water Management Federation (WMF), Muhuri Irrigation Project, Feni. (Office order & M-IMO Guidelines are attached).
7. Secretary, Water Management Federation (WMF), Muhuri Irrigation Project, Feni. (Office order & M-IMO Guidelines are attached).
8. Member, Water Management Association (WMA), Muhuri Irrigation Project, Feni. (Office order & M-IMO Guidelines are attached).
9. Executive Engineer, M-IMO, BWDB, Feni-Member Secretary. (Office order & M-IMO Guidelines are attached).

**MIP M-IMO Office, Feni**

1. Mr. Md.Akter Hossain Mazumder (ID-681202001), Executive Engineer, MIP, M-IMO, BWDB, Feni
2. Mr. Mohammad Mominul Islam Bhuiyan (ID-800101004), Deputy Chief Extension Officer, MIP, M-IMO, BWDB, Feni
3. Mr.------------------------------------Sub-Divisional Engineer (Civil), MIP, M-IMO, BWDB, Feni.
4. Mr. ----------------------------, Sub-Divisional Engineer (Mechanical), MIP, M-IMO, BWDB, Feni.
5. Mr. Md. Ziaul Haque (ID-891026004), Assistant Director (Accounts), MIP, M-IMO, BWDB, Feni.
6. Mr.-------------------------------------------Programmer, MIP, M-IMO, BWDB, Feni.
7. Mr. Alak Das (ID-821015001), Sectional Officer (Civil), MIP, M-IMO, BWDB, Feni.
8. Mr. Md. Abdul Mobin (ID-991110001), Sectional Officer (Civil), MIP, M-IMO, BWDB, Feni.
9. Mr. Md. Jamal Uddin (ID-950815004), Sectional Officer (Mechanical), MIP, M-IMO, BWDB, Feni.
10. Mr. ------------------------------------, Sectional Officer (Mechanical), MIP, M-IMO, BWDB, Feni.
11. Mr. Md. Humayan Kabir (ID-7402010001), Extension Overseer, MIP, M-IMO, BWDB, Feni.
12. Mr. Md. Masudur Rahman (ID-691230002), Extension Overseer, MIP, M-IMO, BWDB, Feni.

01/11/2023

Additional Chief Engineer
&
Project Director

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পানি সম্পদ মন্ত্রণালয়

## মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য
## Management-Irrigation Management Operator (M-IMO) ব্যবস্থাপনা
## পরিষদ গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) এর গাইডলাইন











বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

জাহিদ ফারুক, এমপি
প্রতিমন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মুখবন্ধ

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে শুরুতেই অগ্রাধিকার দিয়েছিলেন দেশকে কৃষিতে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তোলায়। দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধি তথা খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত সেচ প্রকল্পসমূহের অবদান অপরিসীম। যে সুনির্দিষ্ট লক্ষ্য নিয়ে সেচ প্রকল্পগুলো বাস্তবায়ন করা হয়েছে, সে লক্ষ্য অর্জন নানাবিধ কারণে বাধাগ্রস্থ হচ্ছে তথা প্রকল্প হতে প্রত্যাশিত সুবিধাসমূহ প্রাপ্তিতে ব্যাঘাত ঘটছে। ফলে সেচ প্রকল্পগুলোর পুনর্বাসন ও আধুনিকায়ন সময়ের দাবি। একই সাথে প্রকল্পের সুষ্ঠু ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করাও প্রয়োজন। সে লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে মুহুরী সেচ প্রকল্পের আধুনিকায়ন কার্যক্রম প্রায় সম্পন্ন হয়।

প্রকল্পটি দেশের পূর্বাঞ্চলের কৃষকদের সেচের পানি সরবরাহ করে এবং খাদ্য উৎপাদনে গুরুত্বপূর্ণ অবদান রাখে। প্রকল্পটি দেশের জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায়ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য Management-Irrigation Management Operator (M-IMO) ব্যবস্থাপনা পরিষদ গঠন ও মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM)" শীর্ষক গাইডলাইনটি প্রণয়ন করা হয়। গাইডলাইনটি প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য একটি সুনির্দিষ্ট কাঠামো প্রদান করে, যা প্রকল্পের সম্পদসমূহকে সুরক্ষিত করতে এবং প্রকল্পটিকে দক্ষতার সাথে পরিচালনা করতে সহায়তা করবে।

প্রকল্পটি সুষ্ঠুভাবে পরিচালিত হলে সেচের পানি অপচয় হ্রাস পাবে ও কৃষকরা তাদের জমিতে আরও বেশি ফসল উৎপাদন করতে সক্ষম হবে। এটি কৃষকদের আয় বৃদ্ধিসহ প্রকল্প এলাকার মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন ও প্রকল্প এলাকায় নতুন কর্মসংস্থান সৃষ্টি এবং পরিবেশগত সুরক্ষা নিশ্চিত হবে।

পরিবর্তিত পরিবেশ, প্রকল্পের সকল স্তরের সুবিধাভোগী, সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তা, দাতা সংস্থা, পানি ব্যবস্থাপনা সংগঠন ও অন্যান্য সংশ্লিষ্ট সকলের অভিজ্ঞতা শেয়ারের মাধ্যমে এই গাইডলাইনটিকে ভবিষ্যতে আরো পরিমার্জন ও হালনাগাদ করার সুযোগ থাকবে।

গাইডলাইনটি মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য একটি প্রয়োজনীয় দলিল হিসেবে বিবেচিত হবে। সরকার দৃঢ়ভাবে বিশ্বাস করে যে গাইডলাইনটি বাংলাদেশে সেচের পানির টেকসই ব্যবহার এবং অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনায় সুদূরপ্রসারি অবদান রাখবে।

এ গাইডলাইনটি প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং সার্বিক মঙ্গল কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বাংলাদেশ চিরজীবী হোক।

(জাহিদ ফারুক, এমপি)

ফোন : +৮৮-০২-৯৫৪০২০১, ফ্যাক্স : +৮৮-০২-৯৫১৫৯৯৮, ওয়েব : www.mowr.gov.bd

Office of the Project Director, MIP, BWDB, Dhaka

A K M Enamul Hoque Shameem MP
Deputy Minister
Ministry of Water Resources
Govt. of the People's Republic of Bangladesh

এ কে এম এনামুল হক শামীম এমপি
উপ-মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# শুভেচ্ছা বাণী

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়িত সেচ প্রকল্পসমূহের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ একটি বড় চ্যালেঞ্জ। বিশেষ করে মুহুরী সেচ প্রকল্পে পানি ব্যবস্থাপনা সংগঠন ও সুবিধাভোগীদের অংশগ্রহণের মাধ্যমে প্রকল্পের সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ। সেচ প্রকল্প বাস্তবায়ন ও যথাযথ পরিচালনা নিশ্চিত করার জন্য সরকার কর্তৃক ইতোমধ্যে (The Bangladesh Irrigation Water Ordinance-1983, জাতীয় পানি নীতি-১৯৯৯, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০, বাপাউবো সেচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা-২০০৩ (সংশোধিত-২০০৫), অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গাইডলাইন-২০০১ (GPWM) এবং অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৪ (PWMR) ইত্যাদি বিধি বিধান/আইন প্রণীত হয়। আর এ সকল বিধি বিধান/আইনের ভিত্তিতে মুহুরী সেচ প্রকল্প পরিচালনার জন্য ব্যবস্থাপনা পরিষদ গঠনসহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ গাইডলাইন প্রণয়ন করা হয়।

এছাড়া, দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধিতে সেচ প্রকল্পসমূহের আধুনিকায়ন তথা আধুনিক প্রযুক্তি ব্যবহার করাও প্রয়োজন। সেই লক্ষ্যে বাংলাদেশ সরকার ও এডিবি'র অর্থায়নে মুহুরী সেচ প্রকল্পে আধুনিক প্রযুক্তি প্রয়োগের উপযোগী করা হয়। ভূ-পরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার, প্রকল্পের সেচ দক্ষতা বৃদ্ধিসহ কম পরিমাণ সেচের পানি ব্যবহার করে বেশী খাদ্য উৎপাদন এবং উন্নততর ব্যবস্থাপনা নিশ্চিত করে প্রকল্পের আত্ননির্ভরতা সৃষ্টির উদ্দেশ্যে এ গাইডলাইনটি প্রণয়ন করা হয় ।

মুহুরী সেচ প্রকল্পের উন্নততর সেচ ব্যবস্থাপনার জন্য পানি ব্যবস্থাপনা সংগঠন, কৃষক প্রতিনিধি ও অন্যান্য সংস্থার অংশগ্রহণও গাইডলাইনে অন্তর্ভুক্ত করা হয়। সরকার সত্যিকারভাবে বিশ্বাস করে যে, প্রনীত গাইডলাইনের ভিত্তিতে উন্নততর সেচ ব্যবস্থাপনার মাধ্যমে মুহুরী সেচ প্রকল্পসহ অন্যান্য সেচ প্রকল্পের ব্যবস্থাপনায়ও কার্যকর ভূমিকা রাখার সুযোগ থাকবে।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

(একেএম এনামুল হক শামীম এমপি)

ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। টেলিফোন # ৯৫৭০০৭০, www.mowr.gov.bd, e-mail.dminister@mowr.gov.bd

Office of the Project Director, PMU, IMIP, MIP, BWDB, Dhaka



# বাণী

ফেনী জেলার ফেনী, মুহরী ও সিলোনীয়া নদীর মোহনায় ক্লোজার ও রেগুলেটর নির্মাণপূর্বক ১৯৮৫-১৯৮৬ সালে "মুহরী সেচ প্রকল্প" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হয়। প্রকল্পটি ফেনী জেলার ৫টি উপজেলায় ও চট্টগ্রাম জেলার ১টি উপজেলায় বিস্তৃত। খাদ্য উৎপাদন বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে মুহরী সেচ প্রকল্প (MIP)-এর আধুনিকায়ন কাজ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে সম্পন্ন করা হয়।

প্রকল্পের আওতায় মূলতঃ উপকূলীয় বাঁধ পুনর্বাসন, সেচ/নিষ্কাশন খাল পুনঃখনন, স্লুইস/পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ/পুনর্বাসনসহ পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূ-গর্ভস্থ পাইপ লাইন, পাম্প ও প্রি-পেইড মিটার স্থাপনের মাধ্যমে আধুনিক পদ্ধতিতে সেচ প্রদানের লক্ষ্যে প্রকল্পটিকে স্মার্ট/ডিজিটাল পর্যায়ে উন্নীত করা হয়। এছাড়া প্রকল্পের আত্মনির্ভরতা ও সুবিধাভোগীদের অন্তর্ভুক্তির মাধ্যমে টেকসই ব্যবস্থা নিশ্চিত এবং প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার নিমিত্তে Management-Irrigation Management Operator (M-IMO) ব্যবস্থাপনা পরিষদ গঠন এবং পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য গাইডলাইনটি প্রণয়ন করা হয়।

উক্ত গাইডলাইন অনুসরণের মাধ্যমে মুহরী সেচ প্রকল্প এলাকায় একটি আধুনিক ও কার্যকর সেচ ব্যবস্থার সূচনা হবে। ফলে দেশের কৃষি ও খাদ্য উৎপাদন বৃদ্ধিসহ প্রকল্প এলাকার আর্থসামাজিক উন্নয়ন ও অগ্রগতি ত্বরান্বিত হবে। এতে করে প্রকল্প এলাকার আনুমানিক ৫০ হাজার কৃষকসহ প্রায় ১০.০০ লক্ষ জনগণ সরাসরি সুবিধা প্রাপ্ত হবে।

নাজমুল আহসান
সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়

Office of the Project Director ★ PMU, MIP, BWDB, Dhaka ★

# সূচিপত্র


| ক্র: নং | শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | ভূমিকা | ১-২ |
| ২ | সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ | |
| ৩ | সংজ্ঞা | |
| ৪ | M-IMO গঠনের আইনগত ভিত্তি | ৩ |
| ৫ | M-IMO গঠন প্রণালী ও কাঠামো | ৪-৫ |
| ৬ | M-IMO ব্যবস্থাপনা পরিষদ এর কার্যপরিধি (ToR) | ৬ |
| ৬.১ | M-IMO ব্যবস্থাপনা পরিষদ এর দায়িত্বসমূহ | |
| ৬.২ | M-IMO ব্যবস্থাপনা পরিষদের সভা সংক্রান্ত অনুসরনীয় বিষয়সমূহ | |
| ৭ | বাপাউবোর এর কার্যপরিধি (ToR) | ৭ |
| ৮ | বাপাউবো কর্তৃক নিয়োজিত M-IMO কর্মকর্তাগণের কার্যপরিধি (ToR) | ৮-১০ |
| ৮.১ | নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) (১জন)- এর দায়িত্বসমূহ | |
| ৮.২ | উপ-প্রধান সম্প্রসারণ অফিসার (১জন)- এর দায়িত্বসমূহ | |
| ৮.৩ | সহকারী সম্প্রসারণ কর্মকর্তা/ সম্প্রসারণ উপদর্শক (২ জন) - এর দায়িত্বসমূহ | |
| ৮.৪ | উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (১জন) ও উপ সহকারী প্রকৌশলী (পুর) (২ জন)- এর দায়িত্বসমূহ | |
| ৮.৫ | উপ-বিভাগীয় প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (১জন) ও উপ সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক)/কার্য সহকারী (২ জন)- এর দায়িত্বসমূহ | |
| ৮.৬ | GIS/MIS ব্যবস্থাপক (১জন)- এর দায়িত্বসমূহ | |
| ৮.৭ | হিসাবরক্ষক/হিসাবরক্ষণ অফিসার (১ জন)- এর দায়িত্বসমূহ | |
| ৯ | ঝুঁকি বিশ্লেষণ | ১১-১৩ |
| ১০ | আর্থিক রাজস্ব সংগ্রহ এবং ব্যয় ব্যবস্থাপনা | |
| ১০.১ | পাম্প অপারেটর ও স্কীম কমিটি | |
| ১০.২ | পাম্প অপারেটর স্কীম | |
| ১০.২.১ | পাম্প পরিচালনা | |
| ১০.২.২ | স্মার্টকার্ড, ভেন্ডিং এবং রিফিলিং | |
| ১০.২.৩ | স্মার্টকার্ড দ্বারা সেচ | |
| ১০.২.৪ | পাম্প পরিচালনা প্রক্রিয়া | |
| ১০.২.৫ | প্রিপেইড মিটার/স্মার্টকার্ড ভিত্তিক সেচ ব্যবস্থা | |
| ১০.২.৬ | ব্যবহারকারীর কার্ড বিতরণ | |
| ১০.২.৭ | বিক্রেতা/ডিলার/ভেন্ডর নির্বাচন | |
| ১০.২.৮ | দায়বদ্ধতা (Liability) | |
| ১০.২.৯ | M-IMO এর আর্থিক ব্যবস্থাপনা ও ব্যয় নিরীক্ষা | |
| ১০.২.১০ | প্রকিউরমেন্ট/ক্রয় নির্দেশিকা | |
| ১০.২.১১ | C-IMO হতে M-IMO এর নিকট দায়িত্ব হস্তান্তর | |
| ১১ | বিবিধ | ১৪ |


Office of the Project Director PMU, IMIP, MIP, BWDB, Dhaka

# সংক্ষিপ্তরূপ

| | | |
|---|---|---|
| MoWR | - | Ministry of Water Resources |
| BWDB | - | Bangladesh Water Development Board |
| IMIP | - | Irrigation Management Improvement Project |
| MIP | - | Muhuri Irrigation Project |
| GoB | | Government of Bangladesh |
| ADB | - | Asian Development Bank |
| BREB | - | Bangladesh Rural Electrification Board |
| PBS | - | Palli Bidyut Samity |
| WMO | - | Water Management Organization |
| WMF | - | Water Management Federation |
| WMA | - | Water Management Association |
| WMG | - | Water Management Group |
| O & M | - | Operation and Maintenance |
| MOM | - | Management Operation Maintenance |
| C-IMO | - | Construction-Irrigation Management Operator |
| M-IMO | - | Management-Irrigation Management Operator |
| PAM | - | Project Administration Manual |
| ToR | - | Terms of Reference |
| DPP | - | Development Project Proposal |
| IPOE | - | Independent Panel of Experts |
| PPP | - | Public Private Partnership |
| ISC | - | Irrigation Service Charge |
| LLP | - | Low-Lift Pump |
| HQ | - | Head Quarter |
| GIS | - | Geographic Information System |
| MIS | - | Management Information System |
| NWPo | - | National Water Policy |
| GPWM | - | Guidelines for Participatory Water Management |
| PWM | - | Participatory Water Management |

Office of the Project Director, PMU, IMIP, MIP, BWDB, Dhaka

১। ভূমিকা :

ফেনী জেলার মুহুরী উপত্যকায় তিন নদীর (ফেনী, মহুরী ও সিলোনীয়া) মোহনায় ক্লোজার ও রেগুলটর নির্মাণপূর্বক ভূ-পরিস্থ পানি ব্যবহারের জন্য "মুহুরী সেচ প্রকল্প" নামের প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। "মহুরী সেচ প্রকল্প" টি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত সেচ প্রকল্পগুলির অন্যতম এবং ইহা একটি স্বার্থক ও ফলপ্রসু প্রকল্প। সেচ প্রকল্পটি বাস্তবায়নের ফলে ফেনী জেলায় কৃষির ব্যাপকতর উন্নয়ন ঘটেছে। মুহুরী সেচ প্রকল্পটি বিগত ১৯৭৭-১৯৭৮ সালে নির্মাণ কাজ শুরু হয় এবং ১৯৮৫-১৯৮৬ সালে সমাপ্ত হয়। প্রকল্পের মোট এলাকা ৪০,০৮০ হেক্টর, চাষযোগ্য এলাকা ২৭,১২৫ হেক্টর এবং সেচযোগ্য এলাকা ২৩,০৭৬ হেক্টর। প্রকল্পটি চট্টগ্রাম বিভাগের ফেনী জেলার ৫টি উপজেলায় (ফেনী সদর, ছাগলনাইয়া, ফুলগাজী, পরশুরাম ও সোনাগাজী) এবং চট্টগ্রাম জেলার ১টি উপজেলায় (মিরসরাই) বিস্তৃত। যথাযথ রক্ষণাবেক্ষণের অভাব, সেচ খালে পলি জমা, চাষযোগ্য জমির পরিমান হ্রাস, অপ্রতুল অর্থায়ন, সুবিধাভোগীদের অংশগ্রহণের অভাব এবং সঠিক সেচ ব্যবস্থাপনার অভাবে প্রকল্প থেকে নির্ধারিত সুফল না পাওয়ায় উদ্ভাবনী পদ্ধতি প্রয়োগ ও বাস্তবায়নের লক্ষ্যে একাধিক গবেষণা/স্টাডির ভিত্তিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুদান ও এশীয় উন্নয়ন ব্যাংকের ঋণ সহায়তায় "Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP)" শীর্ষক প্রকল্পটি প্রণয়ন করা হয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত হচ্ছে।

মুহুরী সেচ প্রকল্পের পুনঃসংস্কারপূর্বক সেচ ব্যবস্থাপনার আধুনিকায়ন ও পুনর্বাসন করা। প্রকল্প এলাকার সুবিধাভোগীদের অংশগ্রহণের মাধ্যমে সর্বোত্তম সেচ সুবিধা নিশ্চিত করতঃ প্রকল্পের টেকসই ও দীর্ঘস্থায়ী উন্নয়ন করা। ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বৈদ্যুতিক সাহায্যে প্রি-পেইড মিটারিং সিস্টেমে (ডিজিটাল) পানির লস কমিয়ে ইকোনমিক সেচ ব্যবস্থা চালু করা। সুষ্ঠু পরিচালন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে শুষ্ক মৌসুমে সেচ সুবিধা নিশ্চিত করা ও বর্ষা মৌসুমে নিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন করা। উন্নত ও আধুনিক প্রযুক্তির প্রয়োগ ও ব্যবহারের মাধ্যমে কৃষি এবং মৎস্য চাষের উৎপাদন বৃদ্ধি করতঃ দেশের খাদ্যঘাটতি দূর করা। প্রকল্প এলাকায় ফসল উৎপাদন বৃদ্ধি করতঃ এলাকার জনগণের আর্থ সামাজিক ও জীবন যাত্রার মান উন্নয়ন করা। কৃষি ও সেচ ব্যবস্থায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহায়ক ভূমিকা পালন করা। সেচ ব্যবস্থাপনার দুর্বলতা দূর করে উন্নত স্মার্ট প্রযুক্তি নির্ভর স্কীম/সেচ ব্যবস্থাপনার মাধ্যমে দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূগর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে সেচের পানি সরবরাহ, প্রিপেইড মিটার, সার্ভার সিস্টেম ও বৈদ্যুতিক পাম্প ব্যবহার করে ৮৫০টি স্কীমের মাধ্যমে ১৮০০০ হেক্টর জমিতে সেচ প্রদান ও উন্নততর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) নিশ্চিত করাই প্রকল্প বাস্তবায়নের মূখ্য উদ্দেশ্য।

প্রকল্পের সকল ভৌত কাজের নকশা প্রণয়ন, বাস্তবায়ন তদারকি, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উন্নততর সেচ ব্যবস্থাপনার জন্য Construction-Irrigation Management Operator (C-IMO) পরামর্শক সেবা প্রকল্প সমাপ্তি পর্যন্ত নিয়োজিত আছে। কিন্তু ঋণচুক্তির আলোকে প্রকল্প সমাপ্ত হওয়ার পূর্বেই (কমপক্ষে ৬ মাস Overlap করে) Management-Irrigation Management Operator (M-IMO) গঠনপূর্বক C-IMO হতে মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) এর দায়িত্বভার M-IMO ব্যবস্থাপনা পরিষদের নিকট হস্তান্তর করা প্রয়োজন। সেই বিবেচনায় Management-Irrigation Management Operator (M-IMO) ব্যবস্থাপনা পরিষদ গঠন ও মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) এর গাইডলাইন প্রণয়ন করা অত্যাবশ্যক এবং উক্ত বিবেচনায় নিম্নরূপ গাইডলাইন প্রণয়ন করা হলো।

২। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ:

(১) এ গাইডলাইন "Management-Irrigation Management Operator (M-IMO) ব্যবস্থাপনা পরিষদ গঠন ও মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) গাইডলাইন" নামে অভিহিত হবে।

(২) পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারীর তারিখ হতে এ গাইডলাইন এবং M-IMO কার্যকর ও বলবৎ হবে।

৩। সংজ্ঞা:

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই গাইডলাইনে-

- "Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP)" অর্থ এশীয় উন্নয়ন ব্যাংক ঋণ সহায়তায় ও বাংলাদেশ সরকারের অনুদানে বাস্তবায়নাধীন মুহুরী সেচ প্রকল্প;
- "ADB (Asian Development Bank)" অর্থ প্রকল্প বাস্তবায়নের জন্য ঋণ সহায়তাকারী সংস্থা বা ব্যাংক;

Office of the Project Director ★ PMU, IMIP, MIP, BWDB, Dhaka ★

- "WMO (Water Management Organization)" অর্থ মুহুরী সেচ প্রকল্পের জন্য রেজিস্ট্রিকৃত মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন;
- "WMF (Water Management Fedaration)" অর্থ মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন;
- "WMA (Water Management Association)" অর্থ মুহুরী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন;
- "WMG (Water Management Group)" অর্থ মুহুরী পানি ব্যবস্থাপনা দল;
- "MOM (Management Operation Maintenance)" অর্থ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ;
- "C-IMO (Construction-Irrigation Management Operator)" অর্থ প্রকল্প বাস্তবায়নকালে তদারকি কাজে নিয়োজিত চুক্তিবদ্ধ পরামর্শক দল;
- "M-IMO (Management-Irrigation Management Operator)" অর্থ প্রকল্পের উন্নততর সেচ ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য গঠিত ব্যবস্থাপনা দল;
- PAM (Project Administration Manual)" অর্থ প্রকল্প বাস্তবায়নকালে অনুসরণীয় দলিল যা এশীয় উন্নয়ন ব্যাংক কর্তৃক প্রণীত;
- "DPP (Development Project Proposal)" অর্থ বাংলাদেশ সরকার অনুমোদিত প্রকল্প দলিল;
- "IPOE (Independent Panel of Expert)" অর্থ এশীয় উন্নয়ন ব্যাংক কর্তৃক গঠিত বিশেষজ্ঞ দল যারা M-IMO Level-২ নিয়োগ/গঠনের প্রতিবেদন দাখিল করে;
- "M-IMO ব্যবস্থাপনা পরিষদ" অর্থ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ করার নিমিত্তে গাইডলাইনে উল্লেখিত ৯ (নয়) সদস্যের সমন্বয়ে গঠিত ব্যবস্থাপনা পরিষদ;
- "PPP (Public Private Partnership) Modality" অর্থ বাংলাদেশ সরকার ও ব্যক্তিগত যৌথ বিনিয়োগ ধরনের প্রকল্প সংক্রান্ত;
- "Long term lease" অর্থ প্রকল্প ব্যবস্থাপনার জন্য অর্থের বিনিময়ে দীর্ঘ সময়ভিত্তিক ইজারা প্রদান;
- "Concession" অর্থ প্রকল্প ব্যবস্থাপনার জন্য অর্থ ছাড়/রেয়াত প্রদানের মাধ্যমে কোন সংস্থা/গোষ্ঠিকে হস্তান্তর করা;
- "Level- 1" অর্থ প্রকল্পের প্রধান রেগুলেটর/প্রধান নদী/খাল ও অবকাঠামোসমূহ;
- "Level- 2" (ছোট ও মাঝারি খাল)" অর্থ প্রকল্পের সেচ/নিষ্কাশন খাল ও অন্যান্য অবকাঠামোসমূহ;
- "Level- 3" (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন, পাম্প, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ইত্যাদি) সংক্রান্ত অবকাঠামোসমূহ;
- "Self Financing" অর্থ প্রকল্পের সেচ কার্য হতে অর্জিত সেচ চার্জ এর মাধ্যমে সম্পূর্ণ প্রকল্প ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের সক্ষমতা অর্জন সংক্রান্ত;
- "Gap Funding" অর্থ Level- 2 (ছোট ও মাঝারি খাল) এবং Level- 3 (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন, পাম্প, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ইত্যাদি) অবকাঠামোসমূহ ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য মোট প্রয়োজনীয় অর্থ এবং অর্জিত সেচ চার্জের মধ্যে বাৎসরিক পার্থক্য অনুদান যা বাপাউবো পওর খাত হতে প্রদানযোগ্য;
- "M-IMO Agreement" অর্থ গাইডলাইন অনুমোদনের পর বাপাউবো এবং M-IMO ব্যবস্থাপনা পরিষদের মধ্যে সম্পাদিত চুক্তি;
- "Escrow Account" অর্থ অর্জিত সেচ চার্জ হতে আয় ও প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় সংক্রান্ত আয়/ব্যয়ের হিসাব পরিচালনার জন্য ব্যাংক হিসাব;
- "Water Tariff" অর্থ প্রকল্পের সেচকার্যে পানি প্রদানের বিনিময়ে কৃষকদের নিকট হতে অর্জিত আয় যা প্রদানকৃত পানির পরিমানের ভিত্তিতে নির্ধারিত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত;
- Irrigation Service Charge (ISC) অর্থ প্রকল্পের সেচ কার্যে পানি প্রদানের জন্য আদায়কৃত Water Tariff এর অন্তর্ভুক্ত চার্জ যা সরকারি কোষাগারে জমাযোগ্য বা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের ভিত্তিতে ব্যয়যোগ্য;
- "Seed Money" অর্থ C-IMO এর বাজেট/তহবিল (আদায়কৃত সেচ চার্জ) হতে ব্যয় মিটানোর পর উদ্বৃত্ত অংশ যা চুক্তি স্বাক্ষরের পর অনতিবিলম্বে নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) এর Screw Account-এ হস্তান্তরযোগ্য;
- "স্মার্ট কার্ড" অর্থ স্কিমের প্রতিটি কৃষকের কাছে M-IMO অফিস থেকে ইস্যু করা একটি ডিজিটাল স্মার্টকার্ড যা প্রয়োজনে ক্রেডিট পুনরায় পূরণ করে ব্যবহার করা হয় এবং সেচের পানির ব্যবহার করার অনুমতি দেওয়ার জন্য ব্যবহৃত হয়;
- "ভেন্ডিং" অর্থ কৃষকগণ নির্ধারিত স্থানে ভেন্ডিং মেশিন দিয়ে স্মার্টকার্ড রিফিল/প্রি-পেইড মিটার কার্ড রিচার্জ করা হয়;
- "GIS (Geographic Information System)" অর্থ ভৌগোলিক উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও উপস্থাপন সংক্রান্ত কাজ/পদ্ধতি; এবং

Office of the Project Director, PMU, IMIP, MIP, BWDB, Dhaka

➢ "MIS (Management Information System)" অর্থ ব্যবস্থাপনা উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও উপস্থাপন সংক্রান্ত কাজ/পদ্ধতি।

## ৪। M-IMO গঠনের আইনগত ভিত্তি:

Project Administration Manual (PAM) এর Clause-9 প্রকল্পের ঋণচুক্তির Schedule-1 এর 2(A) অনুমোদিত DPP'র Clause-13 এর আলোকে নির্ভরযোগ্য ও উন্নততর সেচ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের নিমিত্তে প্রকল্পের MOM (Management Operation Maintenance) এর জন্য M-IMO গঠনের বিষয়ে উল্লেখ রয়েছে। এছাড়া প্রকল্পচুক্তির Schedule-5 Clause-9 এ Independent Panel of Expert (IPOE) এর মতামত/সুপারিশ অনুযায়ী Long term lease/Concession/PPP Modality বিবেচনা করে M-IMO নিয়োগ/গঠনের বিষয়ে উল্লেখ রয়েছে। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় বিগত ০৫/০৭/২০২৩ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে নিম্নোক্ত গাইডলাইন প্রণয়ন করা হয়:

প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য M-IMO ব্যবস্থাপনা পরিষদ গঠন এবং আর্থিক ব্যবস্থাপনাসমূহ The Bangladesh Irrigation Water Ordinance- 1983, National Water Policy- 1999, BWDB ACT- 2000, বাপাউবো সেচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা- ২০০৩ (সংশোধিত-২০০৫), অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গাইডলাইন- ২০০১ (GPWM) এবং অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা- ২০১৪ (PWMR) এর সংশ্লিষ্ট ধারাসমূহ অনুসরণ করতে হবে।

| অনুমোদিত আইন/অধ্যাদেশ/গাইডলাইন | সংশ্লিষ্ট ধারাসমূহ | উল্লেখিত বিষয় |
|---|---|---|
| The Bangladesh Irrigation Water Rate Ordinance- 1983 (Ordinance No.- XXXI of 1983) | ধারা-৪ ও ৫ | এখানে সেচের পানির মূল্য হার আরোপ ও নির্ধারণ করার সুযোগ রয়েছে। |
| The Bangladesh Irrigation Water Rate (Amendment) Act, 1990 (Act No.- XXXIV of 1990) | ধারা- ৩ | |
| জাতীয় পানি নীতি-১৯৯৯ | অনুচ্ছেদ- ৪.৩, ৪.৪, ৪.৬, ৪.৭ ও ৪.১৪ | এখানে পানির ব্যবহারের অধিকার, পাবলিক এবং প্রাইভেট অংশগ্রহণ, পানি সরবরাহ ও পয়-নিষ্কাশন, কৃষির জন্য পানি এবং পানির অর্থনৈতিক ও আর্থিক ব্যবস্থাপনা বিষয় উল্লেখ রয়েছে। পানি সম্পদ ব্যবস্থাপনায় স্থানীয় কমিউনিটি সুবিধাভোগিদের অংশগ্রহণ এবং প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণ খরচ আদায় ও ব্যবহারের নিমিত্তে প্রধানত নিম্নোক্ত সরকারের নীতি উল্লেখ করা হয়েছে।<br><br>ক. পানি একটি অর্থনৈতিক সম্পদ হিসাবে গণ্য হবে এবং এর মূল্য নির্ধারন সকল ব্যবহারকারীকে পানির দুষ্প্রাপ্যতা সম্পর্কে সজাগ করবে এবং তা সংরক্ষণে উৎসাহ যোগাবে। তবে অদূর ভবিষ্যতের জন্য বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প (এফসিডি) থেকে অর্থ আদায়ের কোন পরিকল্পনা এই নীতিতে রাখা হয়নি। বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্পে (এফসিডিআই) পানি করের হার সরকারি বিধি অনুযায়ী কেবল পরিচালন ও রক্ষণাবেক্ষণের (ওএন্ডএম) জন্য আদায় করা হবে।<br><br>খ. সংশ্লিষ্ট সরকারি সংস্থাসমূহকে পর্যায়ক্রমে এদের প্রদত্ত সেবার জন্য মূল্য আরোপের ক্ষমতা অর্পণ করা হবে।<br><br>ঙ. উপকারভোগীদের কাছ থেকে প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য আদায়কৃত পানির মূল্য স্থানীয়ভাবেই সংরক্ষিত রেখে সংশ্লিষ্ট প্রকল্পের জন্যে ব্যয় করতে হবে। |

Office of the Project Director, PMU, IMIP, MIP, BWDB, Dhaka

| অনুমোদিত আইন/অধ্যাদেশ/গাইডলাইন | সংশ্লিষ্ট ধারাসমূহ | উল্লেখিত বিষয় |
|---|---|---|
| | | চ. সংশ্লিষ্ট সরকারি সংস্থা, প্রকল্প চিহ্নিতকরণ ও পরিকল্পনার পর্যায়েই সুবিধাভোগীদের কাছ থেকে পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যয় বহনের প্রতিশ্রুতি আদায় ও তাদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করবে। |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ (২০০০ সনের ২৬ নং আইন) | ধারা- ১৫(৪) ও ১৬(৩) | এখানে বোর্ড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সুফল সংশ্লিষ্ট সুবিধাভোগীদের মধ্যে অব্যাহত রাখার লক্ষ্যে সুবিধাভোগীদের সংগঠিতকরণ, প্রকল্পে তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রকল্প রক্ষণাবেক্ষণ ও পরিচালন এবং প্রকল্প ব্যয় পুনরুদ্ধার সংক্রান্ত বিভিন্ন কলাকৌশল ও প্রাতিষ্ঠানিক কাঠামো উদ্ভাবন, বাস্তবায়ন ও পরিচালনের সুযোগ রয়েছে।<br><br>৫০০০ হেক্টরের অধিক আয়তন বিশিষ্ট প্রকল্পের ব্যবস্থাপনা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে জারীকৃত নির্দেশিকা অনুসরণে প্রকল্পের সুবিধাভোগীদের স্বার্থে গঠিত সংগঠন, বোর্ড এবং পানি সম্পদ সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার প্রতিনিধি সমন্বয়ে গঠিত একটি যৌথ পানি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকিবে। |
| সেচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা-২০০৩ (সংশোধিত-২০০৫) | প্রবিধি- ৬, ১১ ও ১৫ | এখানে সেচ সার্ভিস চাজ আদায়, ব্যবহার, হিসাবরক্ষণ ও নিরিক্ষার বিষয়ে উল্লেখ করা হয়েছে। |
| অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গাইডলাইন-২০০১ (GPWM) | অনুচ্ছেদ- ৪.৫ | এখানে ৫০০০ হেক্টর এর বেশি প্রকল্পের প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম ব্যবস্থাপনা Private Leasing/Management Contract/Joint Management with Comuntity Organigation/Local Government এর মাধ্যমে সম্পন্ন করার সুযোগ বিদ্যমান আছে। এছাড়া প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য অর্থনৈতিক ব্যবস্থাপনার বিষয়ে যথাযথ নির্দেশনা রয়েছে। |
| অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৪ (PWMR) | বিধি- ৪ | |

## ৫। M-IMO গঠন প্রণালী ও কাঠামো:

**(৫.১)** পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারীর মাধ্যমে ৯ (নয়) জন সদস্য সমন্বয়ে M-IMO ব্যবস্থাপনা পরিষদ গঠনকরণ যেখানে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB) ও মুহরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) হতে সমান সংখ্যক প্রতিনিধি থাকবে, একই সাথে বাপাউবো হতে নিয়োজিত ১ জন নির্বাহী প্রকৌশলী (পুর)(M-IMO) ও সেচকার্যে সংযুক্ত জেলা পর্যায়ের অন্য সংস্থার ২ (দুই) জন প্রতিনিধি থাকবে এবং ব্যবস্থাপনা পরিষদের সদস্যগণের তালিকা নিম্নরূপ:

| ক্রমিক নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী | সভাপতি |
| ০২. | নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী | সদস্য |
| ০৩. | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী | সদস্য |
| ০৪. | মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সভাপতি) | সদস্য |
| ০৫. | মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সচিব) | সদস্য |
| ০৬. | মুহরী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (নির্বাচিত প্রতিনিধি-১ জন) | সদস্য |
| ০৭. | উপ-পরিচালক, পল্লী বিদ্যুৎ সমিতি, ফেনী | সদস্য |
| ০৮. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী | সদস্য |
| ০৯. | নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) | সদস্য-সচিব |

**(৫.২)** উক্ত ব্যবস্থাপনা পরিষদ মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও সেচ কার্যক্রম পরিচালনার জন্য বাপাউবোর সাথে M-IMO সংক্রান্ত চুক্তি (Agreement) স্বাক্ষর করবে।

**(৫.৩)** মুহরী সেচ প্রকল্পের জন্য গঠিত M-IMO ব্যবস্থাপনা পরিষদ গাইডলাইনে উল্লেখিত ToR (কার্যপরিধি) অনুসরণ করবে এবং বাপাউবোর নিকট দায়বদ্ধ থাকবে।

**(৫.৪)** প্রকল্পের সেচ অবকাঠামোসমূহ যথা: পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন, পাম্প, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ইত্যাদি বাপাউবো- এর সম্পত্তি, তবে তা M-IMO এর অনুকূলে হস্তান্তর করতে হবে। Level-৩ (পাম্প হাউজ,



Office of the Project Director ★ PMU, IMIP, MIP, BWDB, Dhaka

হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন, পাম্প, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ইত্যাদি) ও Level-২ (ছোট ও মাঝারি খাল) M-IMO পরিচালন ও রক্ষণাবেক্ষণ করবে এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও পরিবর্তন করবে এবং ভবিষ্যত পরিচালন ও রক্ষণাবেক্ষণের নিমিত্তে আর্থিক সক্ষমতা তৈরি করবে।

**(৫.৫)** M-IMO চুক্তির মেয়াদ ৫ (পাঁচ) বছর পর্যন্ত কার্যকর থাকবে এবং এ সময়ের মধ্যে আবশ্যিকভাবে মুহুরী সেচ প্রকল্পের সেচকার্য ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় স্ব-আয় (Self Financing) থেকে পরিচালনার সক্ষমতা অর্জনের লক্ষ্যে কাজ করবে। বর্ণিত সময় পর্যন্ত অর্জিত সেচ চার্জের পাশাপাশি প্রয়োজনীয় সরকারি বরাদ্দের (বাপাউবো পওর খাত) মাধ্যমে প্রকল্প পরিচালন ও রক্ষণাবেক্ষণ করবে। বাপাউবোর নিজস্ব জনবল হতে প্রকল্প ব্যবস্থাপনা কার্যক্রমে সহায়তা প্রদান করায় প্রয়োজনীয় সরকারি বরাদ্দের পরিমান কমে যাবে।

(৫.৬) প্রি-পেইড মিটারের মাধ্যমে আদায়কৃত সেচ-চার্জ Escrow Account এর মাধ্যমে পরিচালিত হবে এবং Signatory হিসাবে নিয়োজিত নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) (সদস্য-সচিব) পরিচালনা করবে। প্রকল্পের অন্তর্ভুক্ত Level- 2 (ছোট ও মাঝারি খাল) ও Level- 3 (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন, পাম্প, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ইত্যাদি) এর পওর ব্যবস্থাপনা ব্যয় আদায়কৃত সেচ-চার্জ ও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সরকারি অনুদান (Gap Funding) হতে প্রাপ্ত অর্থের (প্রযোজ্য ক্ষেত্রে) মাধ্যমে M-IMO Agreement/গাইডলাইনে এ বর্ণিত পদ্ধতিতে M-IMO ব্যবস্থাপনা পরিষদ কর্তৃক সরকারি বিধি অনুযায়ী নির্বাহ করবে। এছাড়া প্রকল্পের অন্তর্ভুক্ত Level- 1 (প্রধান রেগুলেটর, প্রধান নদী/খাল) ও Level- 2 (বড় খাল ও অবকাঠামোসমূহ)- এর পওর ব্যবস্থাপনা কার্যক্রম সরকারি অনুদানের অর্থ দ্বারা সরকারি বিধি অনুযায়ী নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী কর্তৃক নির্বাহ করা হবে।

**(৫.৭)** প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত থাকার জন্য মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) আদায়কৃত সেচ চার্জের ১.৫০% প্রাপ্য হবে। প্রাপ্ত সেচ চার্জের আনুপাতিক হারে যথাক্রমে পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) ১০%, পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA) ২০% এবং পানি ব্যবস্থাপনা দল (WMG) ৭০% প্রাপ্ত হবে। বিশেষ প্রয়োজনে কেন্দ্রীয় কমিটির অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা পরিবর্তন করা যাবে।

(৫.৮) বাপাউবো কর্তৃক (M-IMO) নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে স্থানীয়/ঢাকা দপ্তর হতে অতিরিক্ত দায়িত্বে অগ্রাধিকার ভিত্তিতে নিয়োজিত করা হবে। যারা M-IMO সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করবে এবং ব্যবস্থাপনা পরিষদের নিকট দায়যুক্ত থাকবে।

M-IMO Operational টীমের দলনেতা (Team Leader) হিসেবে দায়িত্ব পালন করবেন নির্বাহী প্রকৌশলী (পুর) এবং সাচিবিক দায়িত্ব পালনের জন্য নির্বাহী দলনেতা (Executive Team Leader) হিসেবে থাকবেন উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা।

ক) নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) (১জন)-দলনেতা/সভাপতি
খ) উপ-বিভাগীয় প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (১জন)
গ) উপ-বিভাগীয় প্রকৌশলী (পুরকৌশল) (১জন)
ঘ) জিআইএস/এমআইএস ব্যবস্থাপক/সহকারী প্রোগ্রামার (১জন)
ঙ) হিসাবরক্ষক/হিসাবরক্ষণ অফিসার (১ জন)
চ) উপ-সহকারী প্রকৌশলী (পুরকৌশল) (২ জন)
ছ) উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (২ জন)
জ) সহকারী সম্প্রসারণ কর্মকর্তা/ সম্প্রসারণ উপদর্শক (২ জন)
ঝ) উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা-নির্বাহী দলনেতা/সদস্য-সচিব

(৫.৯) মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা ও পওর কার্যক্রম তথা M-IMO এর সার্বিক কার্যক্রম পর্যালোচনার জন্য বাপাউবো একটি কেন্দ্রীয় কমিটি গঠন করবে এবং এ কমিটি নিম্নলিখিত ৭ (সাত) সদস্য নিয়ে গঠিত হবে:

**কেন্দ্রীয় কমিটি:**

| ক্রমিক নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, বাপাউবো, ঢাকা | আহ্বায়ক |
| ০২ | মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা | সদস্য |
| ০৩ | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা | সদস্য |

Office of the Project Director PMU, IMIP, MIP, BWDB, Dhaka

| | | |
|---|---|---|
| ০৪ | অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা | **সদস্য** |
| ০৫ | প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং- এর দপ্তর, বাপাউবো, ঢাকা | **সদস্য** |
| ০৬ | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা | **সদস্য** |
| ০৭ | প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা | **সদস্য-সচিব** |

**(৫.১০)** প্রতিবছর M-IMO-এর **কর্মদক্ষতা/পারফরম্যান্স পরিবীক্ষণ ও মূল্যায়ন** করার জন্য বাপাউবো'র নিম্নোক্ত ৬ (ছয়) সদস্য কমিটির মাধ্যমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

**কর্মদক্ষতা/পারফরম্যান্স মূল্যায়ন কমিটি:**

| ক্রমিক নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১ | অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন),বাপাউবো, ঢাকা | আহ্বায়ক |
| ০২ | প্রধান প্রকৌশলী (পূর্বাঞ্চল), বাপাউবো, কুমিল্লা | **সদস্য** |
| ০৩ | প্রধান প্রকৌশলী, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা | **সদস্য** |
| ০৪ | প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা | **সদস্য** |
| ০৫ | তত্তাবধায়ক প্রকৌশলী, পওর, বাপাউবো, ঢাকা | **সদস্য** |
| ০৬ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী | **সদস্য-সচিব** |

**(৫.১১)** M-IMO এর কার্যক্রম পরিচালনার জন্য Gap Funding প্রয়োজন হলে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(৫.১২) M-IMO এর চুক্তির (Agreement) কার্যকালীন সময় হবে পাঁচ বছর। প্রত্যেক বছর কর্মদক্ষতা/পারফরমেন্স মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে মুহরী সেচ প্রকল্প পরিচালনার জন্য বাপাউবো প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

(৫.১৩) মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা ও পওর কার্যক্রম স্ব-অর্থায়নে পরিচালনার জন্য আর্থিক সক্ষমতা তৈরি ও প্রণোদনা প্রদানের নিমিত্তে নিয়োজিত কর্মকর্তাগণকে উৎসাহ প্রদানের জন্য অর্জিত সেচ চার্জ হতে প্রণোদনা ভাতা (Incentive) সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক প্রদান করা যেতে পারে। এ ক্ষেত্রে মুহরী সেচ প্রকল্পের M-IMO লাভজনক পর্যায়ে উন্নীত হতে হবে।

(৫.১৪) M-IMO এর যে কোন পর্যায়ের কমিটিতে কোন বিশেষজ্ঞ ব্যক্তি/সংস্থার প্রতিনিধি প্রয়োজন হলে পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে কো-অপ্ট করা যাবে।

## ৬। M-IMO ব্যবস্থাপনা পরিষদ এর কার্যপরিধি (ToR):

### (৬.১) M-IMO ব্যবস্থাপনা পরিষদ এর দায়িত্বসমূহ:

ক) বাপাউবো- এর উপযুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য M-IMO সংক্রান্ত চুক্তি সম্পাদন করবে। অনুমোদিত গাইডলাইন ও প্রণীত O&M ম্যানুয়াল অনুসরণ করবে।

খ) M-IMO এর সাথে M-IMO ব্যবস্থাপনা পরিষদ আলোচনার মাধ্যমে মাসিক, ষান্মাসিক ও বার্ষিক রিপোর্ট প্রণয়ন ও বাপাউবো'র নিকট প্রেরণ করবে।

গ) প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম, ভূ-গর্ভস্থ পাইপলাইন ও পাম্পিং সিস্টেম অক্ষুণ্ন রেখে সকল সেচ কার্যক্রম পরিচালনা তদারকি করবে।

ঘ) নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) এবং বাপাউবো নিয়োজিত M-IMO Operational টীমের কার্যক্রম তদারকি করবে।

ঙ) M-IMO এর Escrow Account হতে অর্থ আদান-প্রদানের জন্য M-IMO ব্যবস্থাপনা পরিষদ এর সদস্য-সচিব, নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) স্বাক্ষর করবে এবং অর্থ আদান-প্রদানের কার্যক্রম তদারকি করবে।

চ) প্রতি বছর M-IMO ব্যবস্থাপনা পরিষদ কর্তৃক সেচ চার্জ (Water Tariff) মূল্যায়ন ও নির্ধারণ করবে এবং যথাযথ কর্তৃপক্ষ হতে অনুমোদন গ্রহণ করবে।

Office of the Project Director ★ Dhaka PMU, IMIP, MIP, BWDB ★

ছ) M-IMO ব্যবস্থাপনা পরিষদ কর্তৃক প্রকিউরমেন্ট/ক্রয় সংক্রান্ত কমিটি/যেকোন স্বতন্ত্র ব্যক্তি যাদেরকে ক্ষমতা প্রদান করা হবে তাদের অবশ্যই অর্পিত দায়িত্ব পালন করতে হবে এবং M-IMO ব্যবস্থাপনা পরিষদ প্রকিউরমেন্ট/ক্রয় সংক্রান্ত কার্যক্রম তদারকি করবে।

জ) আর্থিক ব্যবস্থাপনার সকল কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নের দায়িত্বভার M-IMO ব্যবস্থাপনা পরিষদের পক্ষে নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) পালন করবে এবং বাপাউবো/সরকার এর অডিটিং সম্পন্ন করবে এবং প্রণীত অডিট প্রতিবেদনের আলোকে তিনি Follow up action নিশ্চিত করবে। M-IMO ব্যবস্থাপনা পরিষদ উক্ত সকল কার্যক্রম তদারকি করবে।

ঝ) প্রতি তিন মাসে কমপক্ষে একটি সভা করে বার্ষিক কর্ম পরিকল্পনা, বাজেট ও বরাদ্দ অনুমোদন করবে। M-IMO Operational টীমের কোন কর্মচারীর পদ শূন্য থাকলে বা অনুপস্থিতিতে তার দায়িত্ব পুর্নবন্টন/ অতিরিক্ত দায়িত্ব প্রদান করতে পারবে।

ঞ) কৃষক ও মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) মধ্যে সমন্বয় ও যাবতীয় চুক্তি সম্পাদন তদারকি করবে।

ট) প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রকল্পের অনুকূলে কৃষকের অনুদান (৩.০০ টাকা/শতাংশ) আদায়ের কার্যক্রম চলমান থাকবে এবং উক্ত অনুদান আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া সেচ চার্জের (Water Tariff) অন্তর্ভুক্ত Irrigation Service Charge (ISC) ও কৃষকের অনুদান অনুমোদিত নিয়মের আলোকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্মতির ভিত্তিতে ব্যয় নির্বাহ ব্যবস্থাপনা করবে।

ঠ) বাপাউবো- এর উপর্যুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে প্রকল্পের ভূ-পরিস্থ পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

ড) মুহরী সেচ প্রকল্পের সেচ কার্য পরিচালনার জন্য প্রকল্পের ট্রান্সফরমার, পাম্প/মোটর, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ও ভূ-গর্ভস্থ পাইপলাইনসহ সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তার জন্য জেলা প্রশাসন/আইন শৃংখলা বাহিনীর সাথে সমন্বয়ের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করবে।

ঢ) চুক্তির মেয়াদের মধ্যে/প্রতিবছর বাপাউবো- এর উপযুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক M-IMO এর কর্মদক্ষতা ও পারফরমেন্স মূল্যায়ন ও চুক্তি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

ণ) প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে M-IMO কর্মকর্তাগণের দায়িত্বসমূহ আলোচনাপূর্বক পুনঃবন্টন/পুনঃনির্ধারণ করার সুযোগ থাকবে।

ত) প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনা উন্নতকরণের পদক্ষেপ গ্রহণ করবে।

থ) M-IMO Operational টীমের কার্যক্রম তদারকি ও সার্বিক ব্যবস্থাপনার কার্যক্রম গ্রহণ করবে।

### (৬.২) M-IMO ব্যবস্থাপনা পরিষদের সভা সংক্রান্ত অনুসরণীয় বিষয়সমূহ:

ক) সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে সভা অনুষ্ঠিত হবে। শর্ত থাকে যে প্রতি তিন মাসে কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে।

খ) ব্যবস্থাপনা পরিষদের প্রথম বৈঠকে কোরাম পূরণের জন্য কমপক্ষে ৪ (চার) জন সদস্যের উপস্থিতি প্রয়োজন হবে এবং পরবর্তী সভাগুলোতে কোরাম পূরণের জন্য কমপক্ষে ৫(পাঁচ) জন সদস্যের উপস্থিতি প্রয়োজন হবে।

গ) সভাপতি বা তার অনুপস্থিতিতে, সভাপতির কাছ থেকে লিখিতভাবে অনুমোদিত যে কোনো ব্যক্তি M-IMO ব্যবস্থাপনা পরিষদের সভায় সভাপতিত্ব করতে পারবে।

ঘ) সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ ভোটদানকারী সদস্যেদের ভোটের মাধ্যমে সমস্ত বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে এবং সমান সংখ্যক ভোটের ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট হবে।

ঙ) প্রতিটি সভার জন্য উপস্থিত সদস্যগণ সম্মানি প্রাপ্য হবে। M-IMO ব্যবস্থাপনা পরিষদ প্রচলিত আর্থিক বিধিবিধানের আলোকে সম্মানীর পরিমান নির্ধারণ করবে। প্রতিটি সভার কার্যবিবরণী প্রকাশিত হবে।

## ৭। বাপাউবোর এর কার্যপরিধি (ToR):

ক) গাইডলাইন অনুমোদনের পর মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য বাপাউবো M-IMO ব্যবস্থাপনা পরিষদের সাথে চুক্তি সম্পন্ন করবে।

খ) নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) সহ অন্যান্য প্রয়োজনীয় কর্মকর্তা অতিরিক্ত দায়িত্বে অগ্রাধিকার ভিত্তিতে নিয়োজিত করবে।

গ) প্রকল্পের অন্তর্ভুক্ত Level- 1 (প্রধান রেগুলেটর, প্রধান নদী/খাল) ও Level- 2 (বড় খাল ও অবকাঠামোসমূহ) এর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রতিবছর পওর খাতে বরাদ্দ প্রদান নিশ্চিতকরণ, স্থানীয়/ফেনী বিভাগীয় দপ্তরের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করবে।

Office of the Project Director PMU, IMIP, MIP, BWDB, Dhaka

ঘ) M-IMO-এর কার্যক্রম পরিচালনায় মূল সহায়ক ভূমিকা পালন করবে। প্রকল্পের ব্যবস্থাপনা ও পরিচালনার ক্ষেত্রে M-IMO-এর সাথে সমন্বয় সাধন করবে। Gap Funding এর প্রয়োজন হলে প্রতি বৎসর পর্যালোচনান্তে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক পওর খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ সংস্থানের ব্যবস্থা গ্রহণ করবে।

ঙ) প্রকল্পের অর্থায়ন, রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তা ও সম্পূর্ণ মুহুরী সেচ প্রকল্পের সেচের পানি সরবরাহ নিশ্চিতকরণসহ বিভিন্ন বিষয় নিয়ে M-IMO এর সাথে প্রতি তিন মাসে একবার আলোচনা/পর্যালোচনা করবে।

চ) মুহরী সেচ প্রকল্পের জন্য MOM (Management, Operation Mantenance) এর লক্ষ্যমাত্রাগুলি তারিখ ভিত্তিক নির্ধারণ করে প্রতি বছর সমন্বিত পরিকল্পনা প্রস্তুতকরণ, ব্যবস্থাপনা ও পরিচালনা করবে।

ছ) মুহরী সেচ প্রকল্পের জন্য প্রয়োজনীয় সেচের পানির পরিমান পর্যালোচনা করবে এবং তদানুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে M-IMO-কে পানির প্রাপ্যতার বিষয়ে পরামর্শ প্রদান করবে।

জ) অনুমোদিত গাইডলাইন এর আলোকে সকল কমিটি গঠন করবে এবং প্রতিবছর কর্মদক্ষতা/পারফরমেন্স মূল্যায়নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ঝ) প্রকল্পের অবকাঠামো ও যন্ত্রপাতিসমূহের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে জেলা ও উপজেলা প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী ও M-IMO এর মধ্যে সার্বিক সমন্বয় ও সহায়তা প্রদান করবে।

## ৮। বাপাউবো কর্তৃক নিয়োজিত M-IMO Operational টীমের কর্মকর্তাগণের কার্যপরিধি (ToR):

### (৮.১) নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) (১জন):

বাপাউবো কর্তৃক অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) ব্যবস্থাপনা পরিষদের সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করবে। এছাড়া তিনি নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবেন:

ক) বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বরাদ্দকৃত বাজেট অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করবেন।

খ) M-IMO এর নিয়োজিত কর্মকর্তাগণকে পরিচালনা ও তদারকি করবেন।

গ) M-IMO ব্যবস্থাপনা পরিষদের সাথে সমন্বয়পূর্বক সকল আর্থিক আদান-প্রদান নিশ্চিত করবেন এবং সার্বিক দায়িত্ব পালন করবেন। Escrow Account হতে অর্থ আদান-প্রদান M-IMO ব্যবস্থাপনা পরিষদ এর পক্ষে সদস্য-সচিব হিসেবে নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO)'র স্বাক্ষরে পরিচালিত হবে।

ঘ) প্রকল্পের অন্তর্ভুক্ত কৃষকের অনুদান এককালীন (৩.০০ টাকা/শতাংশ) আদায়ের কার্যক্রম চলমান থাকবে এবং উক্ত অনুদান আদায়ের ব্যবস্থা গ্রহণ করবেন।

ঙ) সকল পাম্প/স্কীমের ও খালের যথাযথভাবে পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা নিশ্চিত করবেন।

চ) সেচ চার্জ আদায় ও ব্যয় নির্বাহের মাধ্যমে প্রকল্পের আর্থিক সক্ষমতা অর্জন ও আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করবেন।

ছ) প্রকল্পের আর্থিক সক্ষমতা অর্জনের লক্ষ্যে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবেন।

জ) প্রকল্পের অবকাঠামো ও যন্ত্রপাতিসমূহের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে জেলা ও উপজেলা প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী ও M-IMO এর মধ্যে সার্বিক সমন্বয় ও সহায়তা প্রদান করবেন।

ঝ) প্রকল্পের কৃষি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে প্রশিক্ষণ ও ডেমোনেস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করবেন, কৃষি সম্প্রসারণ ও সেচ চার্জ আদায় কার্যক্রম সমন্বয় করবেন।

ঞ) অনুমোদিত গাইডলাইন অনুসরণপূর্বক সকল কার্যক্রম গ্রহণ করবেন।

ট) M-IMO এর সার্বিক ব্যবস্থাপনা ও দেখভালের দায়িত্ব পালন করবেন।

ঠ) M-IMO এর আর্থিক ব্যবস্থাপনা টেকসই করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

ড) বিভিন্ন অংশীদারদের মধ্যে মধ্যস্থতা, সহায়তা ও প্রকল্প সুবিধাভোগিদের সাথে সমন্বয় সাধন করবেন।

ঢ) M-IMO Operational টীমের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

### (৮.২) উপ-প্রধান সম্প্রসারণ অফিসার (১জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবেন:

ক) অংশগ্রহণমূলক, সুষ্ঠু পানি ব্যবস্থাপনার লক্ষ্যে প্রকল্পের আওতায় পানি ব্যবস্থাপনা দল, পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এবং পানি ব্যবস্থাপনা ফেডারেশন গঠন, পুনঃগঠন এবং নিবন্ধনসহ সংগঠনের সাংগঠনিক কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন করবেন।

খ) অনুমোদিত গাইডলাইন অনুসরণপূর্বক সকল কার্যক্রম গ্রহণ করবেন।

গ) M-IMO এর সার্বিক ব্যবস্থাপনা ও দেখভালের বিষয়ে Operational টীমের দলনেতাকে সার্বিক সহায়তা প্রদানের সাচিবিক দায়িত্ব পালন করবেন।

Office of the Project Director ★ PMU, IMIP, MIP, BWDB, Dhaka

ঘ) M-IMO এর আর্থিক ব্যবস্থাপনা টেকসই করার লক্ষ্যে Operational টীমের দলনেতাকে সার্বিক সহায়তা প্রদানের সাচিবিক দায়িত্ব পালন করবেন।

ঙ) বিভিন্ন অংশীদারদের মধ্যে মধ্যস্থতা, সহায়তা ও প্রকল্প সুবিধাভোগিদের সাথে সমন্বয় সাধন করবেন।

চ) প্রকল্পের সকল এলএলপি স্কীমগুলির সেচ সরবরাহের সমস্ত গ্রাহক সেবা, সেচ সেবা, স্কীমের সমস্যা ও অভিযোগসমূহ নিষ্পত্তি ইত্যাদির সামগ্রিক দায়িত্ব পালন করবেন।

ছ) কৃষক/সেচ সুবিধাভোগী, মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) এর মধ্যে সমন্বয় ও যাবতীয় চুক্তি সম্পাদন করবেন।

জ) প্রকল্পের সকল এলএলপি/স্কীম (৮৫০টি) এর বার্ষিক সেচকার্যক্রম পরিকল্পনা প্রণয়ন ও তা পরিচালনা/বাস্তবায়ন করবেন।

ঝ) পাম্প অপারেটর/স্কীম কমিটির নিয়োগসহ কৃষকদের সকল সেচ সেবা নিশ্চিত করবে এবং এলএলপি স্কীমে স্কীম কমিটির তালিকা প্রণয়ন/হালনাগাদ, কার্যক্রম তদারকি করবেন।

ঞ) প্রকল্পের সকল এলএলপি স্কীমের সমস্যা চিহ্নিত করবেন এবং তা সমাধানের নিমিত্তে নির্বাহী প্রকৌশলী (M-IMO) কে অবহিত করবেন।

ট) উপজেলার সকল পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনের সহিত সমন্বয় করে প্রকল্পের সমস্ত এলএলপি স্কীমগুলো পরিচালনার জন্য তদারকি ও মূল্যায়ন করবেন।

ঠ) প্রকল্পের পাম্প অপারেটর, মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন এবং কৃষি সংক্রান্ত সকল প্রকার প্রশিক্ষণের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবেন।

ড) মৌসুমের আগে ও সেচের মৌসুমে প্রয়োজনীয় প্রস্তুতির মাধ্যমে কৃষকদের মানসম্পন্ন সেচ সেবা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করবেন।

ঢ) সকল প্রকার প্রশিক্ষণের আয়োজন ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন।

ণ) M-IMO Operational কমিটির নির্বাহী দলনেতা (Executive Team Leader) হিসেবে যাবতীয় সাচিবিক দায়িত্ব পালন করবেন।

**(৮.৩) সহকারী সম্প্রসারণ কর্মকর্তা/ সম্প্রসারণ উপদর্শক (২ জন)**

ক) অংশগ্রহণমুলক, সুষ্ঠু পানি ব্যবস্থাপনার লক্ষ্যে প্রকল্পের আওতায় পানি ব্যবস্থাপনা দল, পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এবং পানি ব্যবস্থাপনা ফেডারেশন গঠন, পুনঃগঠন এবং নিবন্ধনসহ সংগঠনের সাংগঠনিক কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন করবে।

খ) বিভিন্ন অংশীদারদের মধ্যে মধ্যস্থতা, সহায়তা ও প্রকল্প সুবিধাভোগিদের সাথে সমন্বয় সাধনের বিষয়ে টীমের দলনেতা ও নির্বাহী দলনেতা- কে সহায়তা করবেন।

গ) প্রকল্পের সকল এলএলপি স্কীমগুলির সেচ সরবরাহের সমস্ত গ্রাহক সেবা, সেচ সেবা, স্কীমের সমস্যা ও অভিযোগসমূহ নিষ্পত্তি ইত্যাদির বিষয়ে টীমের নির্বাহী দলনেতা- কে সহায়তা করবেন।

ঘ) কৃষক/সেচ সুবিধাভোগী, মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) এর মধ্যে সমন্বয় ও যাবতীয় চুক্তি সম্পাদনের বিষয়ে টীমের নির্বাহী দলনেতা- কে সহায়তা করবেন।

ঙ) প্রকল্পের সকল এলএলপি/স্কীম (৮৫০টি) এর বার্ষিক সেচকার্যক্রম পরিকল্পনা প্রণয়ন ও তা পরিচালনা/বাস্তবায়নের বিষয়ে টীমের নির্বাহী দলনেতা- কে সহায়তা করবেন।

চ) পাম্প অপারেটর/স্কীম কমিটির নিয়োগসহ কৃষকদের সকল সেচ সেবা নিশ্চিত করবে এবং এলএলপি স্কীমে স্কীম কমিটির তালিকা প্রণয়ন/হালনাগাদ, কার্যক্রম তদারকির বিষয়ে টীমের নির্বাহী দলনেতা- কে সহায়তা করবেন।

ছ) প্রকল্পের সকল এলএলপি স্কীমের সমস্যা চিহ্নিত করবে এবং তা সমাধানের নিমিত্তে প্রস্তাব তৈরি করবেন।

জ) উপজেলার সকল পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনের সহিত সমন্বয় করে প্রকল্পের সমস্ত এলএলপি স্কীমগুলো পরিচালনার জন্য তদারকি ও মূল্যায়নের বিষয়ে টীমের নির্বাহী দলনেতা- কে সহায়তা করবেন।

ঝ) প্রকল্পের পাম্প অপারেটর, মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন এবং কৃষি সংক্রান্ত সকল প্রকার প্রশিক্ষণের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে টীমের নির্বাহী দলনেতা- কে সহায়তা করবেন।

ঞ) মৌসুমের আগে ও সেচের মৌসুমে প্রয়োজনীয় প্রস্তুতির মাধ্যমে কৃষকদের মানসম্পন্ন সেচ সেবা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করবেন।

**(৮.৪) উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (১জন) ও উপ সহকারী প্রকৌশলী (পুর) (২ জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) প্রকল্পের পানি ব্যবহারকারীদের সাথে আলোচনার মাধ্যমে প্রকল্পের কমান্ড এলাকায় কাঙ্খিত পরিমানে পানি সরবরাহের সামগ্রিক দায়িত্ব পালন করবেন।

খ) প্রতি বছর MOM-এর জন্য নির্ধারিত বাজেটের মধ্যে সবচেয়ে প্রয়োজনীয় কাজগুলিকে অগ্রাধিকার দিয়ে বার্ষিক পরিকল্পনা তৈরি করবেন। বার্ষিক পরিকল্পনার মধ্যে পানির উৎস (খালসমূহ) এবং সরবরাহ ব্যবস্থায় (LLPs

Office of the Project Director PMU, IMIP, MIP, BWDB, Dhaka

স্কিমগুলিতে) চিহ্নিত সমস্ত ত্রুটিগুলি চিহ্নিত/সংকলন করবেন এবং অত্যাবশ্যক রক্ষণাবেক্ষণ কাজের জন্য বাজেটের মধ্যে প্রযুক্তিগতভাবে নির্ভরযোগ্য সমাধানের জন্য প্রাক্কলন প্রস্তুত করবেন।

গ) Level- 2 (ছোট ও মাঝারি খাল) ও Level- 3 (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন, ইত্যাদি) পওর কাজের প্রাক্কলন প্রস্তুত ও বাস্তবায়ন সম্পন্ন করবেন।

ঘ) নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) এবং উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা এর সাথে আলোচনা ও সমন্বয়পূর্বক এলএলপি/স্কীমের কৃষকের নিকট স্মার্ট কার্ড বিতরণ, ভেন্ডিং মেশিন বিতরণ ব্যবস্থা, সেচ চার্জ আদায় সংক্রান্ত ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম নিশ্চিতকরণ করবেন।

ঙ) পানি সরবরাহ ব্যবস্থা ও বিভিন্ন স্কিমের উপাদান যেমন: হেডার ট্যাঙ্ক, ভেন্ট পাইপ, পাইপলাইন, আউটলেট ইত্যাদি রক্ষণাবেক্ষণের জন্য সর্বোত্তম বিকল্প সমাধান খুঁজে বের করবেন।

চ) লেভেল-১ অবকাঠামোর সিস্টেম উন্নততর করার জন্য প্রয়োজনীয় পর্যালোচনা করবেন এবং এর সময়মত মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বাপাউবোর পওর বিভাগকে অনুরোধ করবেন।

ছ) মৌসুমের আগে এবং সেচ মৌসুমে প্রয়োজনীয় প্রস্তুতির মাধ্যমে কৃষকদের মানসম্পন্ন সেচ প্রদান নিশ্চিত করবেন।

জ) প্রকল্পের স্কীমসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণের কারিগরী দিকগুলির উপর পাম্প অপারেটর ও টেকনিশিয়ানদের প্রশিক্ষণ দেয়া এবং তাদেরকে MOM কর্মকান্ডে আরও দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে কাজ করবেন।

**(৮.৫) উপ-বিভাগীয় প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (১জন) ও উপ সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক)/কার্য সহকারী (২ জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবেন:**

ক) অপারেটিং, মিটারিং এবং ব্যাক-আপ সিস্টেমসহ প্রকল্পের স্কিমগুলির সকল তড়িৎ-যান্ত্রিক উপাদানগুলির পরিচালন ও রক্ষণাবেক্ষণ তদারকি করবেন।

খ) বিদ্যমান Level- 3 পাম্প সিস্টেম, প্রি-পেইড মিটার, সার্ভার, অন্যান্য তড়িৎ-যান্ত্রিক সম্পর্কিত যন্ত্রাংশগুলির প্রয়োজনীয় প্রতিস্থাপন ও উন্নততর করার জন্য সবচেয়ে ভালো বিকল্প ব্যবস্থার সুপারিশ করবেন।

গ) চুক্তি অনুযায়ী REB/PBS-এর স্পেসিফিকেশন, স্ট্যান্ডার্ড মানা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য বৈদ্যুতিক কাজের নির্ধারিত নিয়ম, মান সম্পর্কে REB/PBS-এর সাথে সমন্বয় করবেন এবং REB/PBS-এর সাথে বিদ্যুৎ নেটওয়ার্কের প্রয়োজনীয় উন্নততর করার প্রয়োজনীয়তা সর্ম্পকে পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ) মৌসুমের আগে এবং সেচ মৌসুমে তড়িৎ-যান্ত্রিক উপাদানগুলির জন্য প্রয়োজনীয় প্রস্তুতির মাধ্যমে কৃষকদের মানসম্পন্ন সেচ প্রদান নিশ্চিত করবেন।

ঙ) পাম্প সিস্টেম, প্রি-পেইড মিটার, সার্ভার, অন্যান্য তড়িৎ-যান্ত্রিক পাম্পসমূহ ইত্যাদি রক্ষণাবেক্ষণের জন্য জেলা পর্যায়ে একটি ওয়ার্কসপ পরিচালনা করবে।

**(৮.৬) GIS/MIS ব্যবস্থাপক (১জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবেন:**

ক) ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MIS), জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (GIS) রক্ষণাবেক্ষণ করবেন ও প্রয়োজন অনুযায়ী হালনাগাদ করবেন।

খ) প্রিপেইড কার্ড সম্পর্কিত তথ্য আদানপ্রদানের জন্য বিভিন্ন উপজেলায় অবস্থিত ছয়টি দূরবর্তী কম্পিউটারের সার্ভার লিংক গুলি পরিচালনা করবেন।

গ) টেলি-প্রিপেইড কার্ডের জন্য ক্রেডিট পুনরায় রিফিল এর ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রয়োজন অনুযায়ী সেচ সংক্রান্ত তথ্য (পরিচালনা, অবস্থান, বাস্তব সময়ের তথ্য প্রদর্শন এবং তথ্য প্রিন্ট) প্রস্তুত করবেন।

ঘ) সমস্ত প্রযুক্তিগত তথ্যের (স্কিম বিবরণী) পাশাপাশি আর্থিক বিবরণী (আয় এবং ব্যয়) এর তথ্য MIS সিস্টেমে সংরক্ষণ করবেন।

ঙ) সমস্ত স্কিমগুলির GIS তথ্য সংরক্ষণ করা এবং প্রয়োজন অনুযায়ী ম্যাপিংও বিশ্লেষণের জন্য ব্যবহার করবেন।

**(৮.৭) হিসাবরক্ষক /হিসাবরক্ষণ অফিসার (১ জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) দাপ্তরিক সকল হিসাব, রেকর্ড ও নথি সংরক্ষণ করবেন।

খ) নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO)কে আর্থিক ব্যবস্থাপনায় সহায়তা প্রদান করবেন।

গ) প্রিপেইড মিটার সম্পর্কিত সমস্ত রাজস্ব/সংগ্রহ/কার্ড রিচার্জ সহ escrow অ্যাকাউন্টের সমস্ত লেনদেন এবং ক্রয়-বিক্রয়ের রেকর্ড প্রস্তুত, হালনাগাদ এবং তত্ত্বাবধান করবেন।

ঘ) সকল উৎস থেকে অর্জিত আয়ের তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সংকলন করবেন।

ঙ) অন্যান্য হিসাবরক্ষণ কাজের পাশাপাশি মাসিক বেতনভাতাদির বিল প্রস্তুতপূর্বক জমা প্রদান করবেন।

Office of the Project Director ★ PMU, IMIP, MIP, BWDB, Dhaka

চ) সকল সম্পদের তথ্য সংরক্ষণ করবেন ও সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
ছ) অডিট দলকে সহায়তা প্রদান ও আপত্তি নিষ্পত্তিকরণে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

**৯। ঝুঁকি বিশ্লেষণ:**

প্রত্যাশার চেয়ে রাজস্ব হ্রাস, পানির কম ব্যবহার, হ্রাসকৃত সেচ এলাকা, বৈদ্যুতিক সরবরাহের অপ্রতুলতা বা রাজস্ব আদায়ের সীমাবদ্ধতাসহ অপ্রত্যাশিত পরিস্থিতিতে পর্যাপ্ত সরকারি সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

**১০। আর্থিক রাজস্ব সংগ্রহ এবং ব্যয় ব্যবস্থাপনা:**

**(১০.১) পাম্প অপারেটর ও স্কীম কমিটি:**

প্রতিটি স্কীমের জন্য ৩জন পাম্প অপারেটরের তালিকা থাকবে। অগ্রাধিকার ভিত্তিতে ১ম ব্যক্তি পাম্প অপারেটরের দায়িত্ব পালন করবেন। এছাড়া প্রতিটি স্কীমের কার্যক্রম তদারকির জন্য কৃষকের মধ্যে থেকে ৫ জন কৃষক প্রতিনিধি নিয়ে স্কীম কমিটি গঠিত হবে এবং উক্ত স্কীম কমিটি ইউনিয়ন ভিত্তিক WMG গ্রুপের সদস্য দ্বারা নির্বাচিত হবে। অর্থাৎ এ স্কীম কমিটি WMF এর আওতায় পরিচালিত একটি কমিটি। এ কমিটি সার্বিকভাবে স্কীম পরিচালনা, রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা নিশ্চিত করবে। প্রয়োজনে স্কীম কমিটিসমূহ পূনঃগঠন করে আরো শক্তিশালী ও কার্যকর করার সুযোগ থাকবে।

**(১০.২)** পাম্প অপারেটর কিভাবে স্কিমগুলিতে পাম্প পরিচালনা করবে, কিভাবে স্কিমগুলিতে পানি সরবরাহ করবে, কিভাবে স্মার্টকার্ড রিফিল/রিচার্জ করবে এবং কিভাবে সেচ চার্জ সংগৃহীত হবে অর্থাৎ স্কিমসমূহ পরিচালনা পদ্ধতি নিম্নে বর্ণিত হলো:

**(১০.২.১) পাম্প পরিচালনা:**

পাম্প পরিচালনা একটি উচ্চ প্রযুক্তির অটোমেশন সিস্টেম. পাম্প কিভাবে পরিচালনা করতে হবে এবং কিভাবে স্কিমের বিভিন্ন অংশের যত্ন নিতে হবে সে সম্পর্কে প্রাথমিকভাবে পাম্প অপারেটরদের প্রশিক্ষণ দিতে হবে। পাম্প অপারেটরদেরকে কৃষকদের চাহিদা অনুযায়ী নিয়োগ প্রদান করতে হবে, তারা প্রয়োজন অনুযায়ী কৃষি জমিতে সেচ দেওয়ার জন্য স্মার্টকার্ড পরিচালনা করবেন, কৃষি জমির চ্যানেলে পানি সরবরাহের জন্য রাইজার/আউটলেট পয়েন্টে পানি সরবরাহ বক্স খুলবেন ও বন্ধ করবেন, পাম্প পরিচালনা এবং বন্ধ করবেন, সামগ্রিক পাম্প পরিচালনার সিস্টেম নিয়ন্ত্রণ করবেন এবং কোনো ত্রুটির জন্য M-IMO Operation টীমকে রিপোর্ট করবেন। পাম্প অপারেটরগণ স্কিমের প্রহরী এবং স্থানীয় মাঠ পর্যায়ের M-IMO প্রতিনিধি হিসাবে কাজ করবেন। তাদেরকে M-IMO দপ্তর, কৃষক এবং মাঠ পর্যায়ের মেকানিক্স/ইলেকট্রিশিয়ানদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে হবে। পাম্প অপারেটর একটি স্কিমের জন্য একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং সমস্ত গুরুত্বপূর্ণ যন্ত্র ও আনুষঙ্গিক (পাম্প, মোটর, বৈদ্যুতিক/স্মার্টকার্ড, প্রি-পেইড মিটার, কাট-আউট, বৈদ্যুতিক সংযোগ, ট্রান্সফরমার, অক্ষত ফিল্ড চ্যানেল, পাম্প পরিচালনা ইত্যাদি) সহ পাম্প হাউসের তদারকি, WMG/WMA এবং স্কীম এর সদস্যগণের সাথে নিবিড়ভাবে কাজ করতে হবে। প্রতিটি স্কীমের জন্য ৩জন অপারেটরের তালিকা থাকবে। পাম্প অপারেটর এর দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করে M-IMO তাদের পরিবর্তন করতে পারবে। অপারেটরগণ/স্কীম কমিটি অবশ্যই ট্রান্সফরমার, পাম্প, মটর ইত্যাদির নিরাপত্তার জন্য M-IMO এর সিদ্ধান্ত অনুযায়ী নিরাপত্তা নিশ্চিত করবে।

**(১০.২.২) স্মার্টকার্ড, ভেন্ডিং এবং রিফিলিং:**

এই সিস্টেমটি পরিচালনা করার জন্য প্রতিটি কৃষকের কাছে স্মার্টকার্ড বিতরণ করা হবে এবং পরবর্তীতে ডিলার/ভেন্ডরদের মাধ্যমে পাম্প অপারেশনের জন্য রিফিলিং করার সুযোগ থাকবে। কৃষকগণ নির্ধারিত স্থানে ভেন্ডিং মেশিন দিয়ে স্মার্টকার্ড রিফিল করবেন। এই মেশিনটি প্রি-পেইড মিটার কার্ড রিচার্জ করতে ব্যবহার করা হবে। ভেন্ডররা M-IMO অফিস থেকে ভেন্ডিং ক্রয় করতে পারবেন এবং ভেন্ডিংয়ের জন্য নির্দিষ্ট পরিমান কমিশন পাবেন।

সম্পূর্ণ নিরবচ্ছিন্নভাবে কাজ করার জন্য স্কিম এলাকায় পর্যাপ্তসংখ্যক ডিলার/ভেন্ডরদের নিযুক্ত করা হবে, যারা M-IMO অফিস থেকে (ব্যাঙ্কের পে অর্ডার/ডিডি আকারে) রিচার্জ/ভেন্ডিং ক্রয় করবেন, যাতে করে সেচ-সুবিধা দেয়ার জন্য কৃষকের স্মার্টকার্ডটি রিচার্জ করতে পারেন। কৃষকদের কার্ড রিচার্জ করার সময় বিক্রেতারা কৃষকের প্রয়োজন অনুযায়ী কৃষককে চার্জ করবে। যখন কার্ডগুলি পাম্প চালানোর জন্য ব্যবহার করা হবে তখন কার্ডগুলি নির্ধারিত রাজস্বের সাথে সামঞ্জস্যপূর্ণ পরিমাণ ডেবিট করবে/কেটে রাখবে এবং এই ডেবিট করার পরিমাণ M-IMO-এর রাজস্ব হিসাবে জমা হবে। মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) এর মাধ্যমেও টাকা আদান প্রদান করা যাবে।

Office of the Project Director PMU, IMIP, MIP, BWDB, Dhaka

সেচের পানির চার্জ এবং অন্যান্য সমস্ত রাজস্ব জমা M-IMO এর escrow অ্যাকাউন্টে জমা দিতে হবে। M-IMO এর সকল রাজস্ব গ্রহণ এবং O&M ব্যয়ের জন্য এই escrow অ্যাকাউন্ট থাকবে। সেচের সময় কৃষকরা তাদের প্রয়োজন অনুযায়ী রিচার্জকৃত স্মার্টকার্ড/প্রিপেইড মিটারে সেচের জন্য ব্যবহার করবেন। মাঠ অফিসগুলি আলাদাভাবে প্রত্যেকটি পাম্প থেকে পাম্প অপারেশনাল তথ্য সংগ্রহ করতে পারবে এবং সকল তথ্য একত্রিত করে প্রকৃত ব্যবহারের প্রতিবেদন M-IMO কার্যালয়ে সরবরাহ করতে পারবে । একই সময়ে M-IMO তে ব্যবহৃত সার্ভার হতে আলাদাভাবে প্রত্যেকটি পাম্পের ব্যবহৃত তথ্য নিরীক্ষণ এবং মাঠ পর্যায়ের তথ্য তুলনা করতে পারবে।

**(১০.২.৩) স্মার্টকার্ড দ্বারা সেচ:**

স্কিমের প্রতিটি কৃষকের কাছে M-IMO অফিস থেকে ইস্যু করা একটি ডিজিটাল স্মার্টকার্ড থাকবে যা প্রয়োজনে ক্রেডিট পুনরায় পূরণ করতে ব্যবহার করতে পারবে এবং সেচের পানির ব্যবহার করার অনুমতি দেওয়ার জন্য ব্যবহৃত হবে (প্রিপেইড মিটারে স্মার্টকার্ড ঢোকান্যের পরে পাম্প চালু হবে) । যখন একজন কৃষক তার জমিতে পানির প্রয়োজন হয়, তখন সে তার প্রিপেইড কার্ড (এতে ইতোমধ্যে ক্রেডিট আছে) পাম্প অপারেটরকে দেবে যিনি সেই নির্দিষ্ট জমিতে পানি সরবরাহের ব্যবস্থা করবেন (রাইজার ডিস্ট্রিবিউশন বক্সে পানি সরবরাহের ব্যবস্থা করে)। এরপর কার্ডটি প্রিপেইড মিটারের স্লটে প্রবেশ করানো হবে। মিটার স্লটে কার্ড ঢোকানোর ফলে পাম্প চালু হবে এবং জমিতে পানি প্রবাহিত হবে। পাম্প চালানোর সময় প্রিপেইড মিটারে ঢোকানো কার্ডগুলি পাম্পিংয়ে অতিবাহিত সময় এবং সিস্টেমে নির্ধারিত রাজস্ব এর সাথে সামঞ্জস্য রেখে ক্রেডিট (টাকা) ডেবিট করবে। একটি পাম্প চালানোর সময় প্রিপেইড কার্ডের ডেবিট করা পরিমাণ হল স্কিমের প্রকৃত রাজস্ব/আয়।

**(১০.২.৪) পাম্প পরিচালনা প্রক্রিয়া:**

পাম্প পরিচালনার জন্য বিদ্যুৎ খরচ PBS মিটারে রেকর্ড হবে এবং PBS M-IMO অফিসে বিদ্যুৎ বিল জমা দেবে। মাঠ অফিসগুলি অর্থ প্রদানের জন্য যাচাই এবং সত্যায়িত করার পর M-IMO অফিস (HQ) তার escrow অ্যাকাউন্ট থেকে বিল পরিশোধ করবে। অন্যান্য O&M খরচও এই escrow অ্যাকাউন্ট থেকে মেটানো হবে। যেহেতু কৃষকগণ নির্ধারিত রাজস্বসহ প্রিপেইড মিটার/স্মার্টকার্ড পদ্ধতিতে তাদের জমিতে সেচের পানি পাবেন সেহেতু M-IMO লেভেল-৩ ও লেভেল-২ এর অবকাঠামোর রক্ষণাবেক্ষণের খরচ এবং O&M ম্যানুয়াল অনুযায়ী উল্লিখিত অন্যান্য আনুষঙ্গিক খরচও বহন করবে।

যেহেতু রাইজার/আউটলেট পর্যন্ত পাম্প/মোটরগুলির সমস্ত রক্ষণাবেক্ষণ কার্যক্রম M-IMO অফিসের দায়িত্বে থাকবে তাই M-IMO দপ্তরের সহযোগিতায় রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

**(১০.২.৫) প্রিপেইড মিটার/স্মার্টকার্ড ভিত্তিক সেচ ব্যবস্থা:**

প্রিপেইড মিটার/স্মার্টকার্ড এবং কন্ট্রোল সিস্টেমগুলি ব্যবহারকারীদের কাছ থেকে অত্যন্ত দক্ষ ও স্বচ্ছভাবে ফি সংগ্রহ করে। সিস্টেমটি ব্যবহারকারী সময়-ভিত্তিক প্রাপ্ত পানির সেচের চার্জ পরিশোধ করবে এবং এতে বর্তমান সিস্টেমের তুলনায় উল্লেখযোগ্য পরিমানে পানির অতিরিক্ত ব্যবহার হ্রাস পাবে।

কৃষকগণ অনুমোদিত ট্যারিফের/রাজস্বের মাধ্যমে প্রি-পেইড মিটারে তাদের স্মার্টকার্ড ব্যবহার করে সেচ গ্রহণ করবেন। কৃষকরা তাদের কার্ড রিচার্জ করে সেচের পানি পাবেন। পাম্প চালু এবং জমিতে পানি প্রবাহিত হবে এবং সাথে সাথে কার্ডের ক্রেডিট পরিমাণ সময়মতো ডেবিট হবে। এই ডেবিট করা পরিমাণ (পাম্প পরিচালনা) হল M-IMO-এর প্রকৃত আয়। রিফিল করা কার্ড ব্যবহার না করা হলে কার্ড থেকে টাকা ডেবিট করা হবে না এবং তা রাজস্ব হিসাবে বিবেচিত হবে না।

**(১০.২.৬) ব্যবহারকারীর কার্ড বিতরণ:**

মিটারিং সিস্টেম স্থাপন করার পরে কৃষকগণ তাদের নিজস্ব ডিজিটাল স্মার্টকার্ড সংগ্রহ করবেন, যা প্রিপেইড রিফিল কার্ড হিসাবে ব্যবহৃত হবে। কৃষকদের এই কার্ডের জন্য নির্ধারিত পরিমাণ ফি প্রদানের প্রয়োজন হতে পারে এবং সেচের জন্য ব্যবহারের ক্ষেত্রে তার পছন্দসই পরিমাণ হিসাবে এই কার্ডে সেচ ক্রেডিট পরিমাণ রিচার্জ করতে পারবে। M-IMO কার্যালয় প্রকল্পের কৃষকদের মধ্যে এই কার্ড বিতরণ করবে। প্রতিটি কৃষকের নামে এই কার্ড বিতরণ করা হবে। পৃথক পৃথক স্কিমের প্লটে সেচের জন্য এই কার্ডটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সুরক্ষিত জায়গায় সংরক্ষণ করতে হবে। এটি একটি স্বচ্ছ কার্ড, যা নাম, বর্তমান ব্যালেন্স, পরিচালনা ঘন্টা, ক্রেডিট-ডেবিটিং সিস্টেম ইত্যাদির তথ্য প্রদর্শন করবে। এই কার্ডের রিচার্জিং (রিফিল) উপজেলা/ M-IMO দপ্তরের মাধ্যমে এবং পরে M-IMO কর্তৃক নিযুক্ত বিক্রেতা/ডিলার/ভেন্ডরের মাধ্যমে করা যাবে।

Office of the Project Director ★ PMU, IMIP, MIP, BWDB, Dhaka

**(১০.২.৭) বিক্রেতা/ডিলার/ভেন্ডর নির্বাচন:**

প্রিপেইড কার্ড M-IMO/উপজেলা অফিস এবং স্থানীয় এলাকার কার্ড বিক্রেতা/ডিলার/ভেন্ডর নিয়োগের মাধ্যমে রিফিল করার সুযোগ থাকবে। বিক্রেতা/ডিলার/ভেন্ডরদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমানের ব্যক্তি হতে হবে, যার স্থায়ী বাসা/দোকান থাকবে। যেখান থেকে কৃষকরা তাদের কার্ড রিফিল করতে পারবেন। অর্থ পরিশোধের ভিত্তিতে প্রতিটি বিক্রেতা/ডিলার/ভেন্ডরকে একটি ভেন্ডিং মেশিন প্রদান করা হবে। এই মেশিনটি প্রি-পেইড কার্ড রিচার্জ করতে ব্যবহার করা হবে। বিক্রেতা M-IMO অফিস থেকে পাইকারী পরিমানে ভেন্ডিং ক্রয় করবেন ও ভেন্ডিংয়ের জন্য নির্দিষ্ট কমিশন পাবেন (M-IMO ব্যবস্থাপনা পরিষদ দ্বারা নির্ধারিত হবে)। ব্যবহারকারীদের প্রয়োজনীয় সেবা দেয়ার জন্য বিক্রেতা/ডিলার/ভেন্ডরদের মেশিনে পর্যাপ্ত পরিমাণ ক্রেডিট থাকতে হবে। M-IMO ব্যবস্থাপনা পরিষদ বিক্রেতা/ডিলার/ভেন্ডর নির্বাচন করবেন।

**(১০.২.৮) দায়বদ্ধতা (Liability):**

সরঞ্জামসমূহের অবমূল্যায়ন এবং প্রতিস্থাপন সংক্রান্ত খরচের সাথে দায়বদ্ধতা জড়িত। প্রিপেইড মিটারসহ প্রত্যেকটি পাম্প সেটের মেয়াদ ১০ বছর বিবেচনায় নিয়ে অবচয় (depreciation) দায় নির্ধারণ M-IMO Operational টীমের সুপারিশের পরিপ্রেক্ষিতে করতে হবে।

**(১০.২.৯) M-IMO এর আর্থিক ব্যবস্থাপনা ও ব্যয় নিরীক্ষা:**
**আর্থিক ব্যবস্থাপনায় সাধারণত নিয়োক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:**

ক) আর্থিক পরিচালনা, বাজেটিং ও বরাদ্দ ব্যবস্থাপনা।
খ) হিসাব সংরক্ষণ।
গ) ব্যয় পরিচালনা পদ্ধতি ও রিপোর্টিং।
ঘ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ।
ঙ) অডিটিং (নিরীক্ষা প্রতিবেদন প্রণয়ন)।

**(১০.২.১০) প্রকিউরমেন্ট/ক্রয় নির্দেশিকা:**

M-IMO গঠনের উদ্দেশ্য পূরণের লক্ষ্যে আর্থিক সম্পদের সঠিক ও দক্ষ ব্যবহার নিশ্চিত করার জন্য ক্রয় ব্যবস্থাপনা গুরুত্বপূর্ণ। বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য ক্রয় ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম। কর্মসূচী প্রণয়ন, অর্থ সংগ্রহ, আর্থিক লেনদেন, রিপোর্টিং ও অডিটিং খুবই গুরুত্বপূর্ণ। সঠিক ও দক্ষ ক্রয় ব্যবস্থার জন্য নিয়োক্ত বিষয়গুলো অনুসরণীয়:

(১) MOM এর জন্য অনুমোদিত গাইডলাইন অনুসরণ করা।
(২) যে কোন ভুল বা মিথ্যা তথ্য পরিহার করা।
(৩) সঠিক, পরিপূর্ণ ও নির্ভুল আর্থিক লেনদেনের তথ্য সংরক্ষণ।
(৪) সঠিক সময়ে বিশ্বাসযোগ্য আর্থিক প্রতিবেদন প্রণয়ন।
(৫) সততা ও নির্ভরযোগ্যভাবে আর্থিক তথ্য, হিসাব ও ডাটা নিশ্চিতকরণ।
(৬) সংস্থার সম্পদ সংরক্ষণ ও হারানো/ক্ষতি থেকে রক্ষাকরণ।
(৭) অর্থ সম্পদের দক্ষ ও অর্থনৈতিকভাবে লাভজনক ব্যবহার নিশ্চিতকরণ।
(৮) দক্ষ ও কার্যকরভাবে সংস্থার কর্মসূচী বাস্তবায়ন।

***M-IMO এর প্রয়োজনীয় যেকোন Logistic Support, পণ্য/বস্তু, জনবল সংক্রান্ত সেবা, অন্যান্য সেবা ও কাজ সংক্রান্ত প্রকিউরমেন্ট/ক্রয় এর জন্য M-IMO ব্যবস্থাপনা পরিষদের সম্মতিতে পিপিআর-২০০৮, Delegation of Financial Power-2016 (DoFP) of BWDB, আউটসোর্সিং নীতিমালা, অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৪ ও সরকারের অন্যান্য বিধিবিধান অনুসরণ করে সম্পন্ন করবে।***

**(১০.২.১১) C-IMO হতে M-IMO এর নিকট দায়িত্ব হস্তান্তর :**

ক) বাপাউবো এর উপযুক্ত কর্তৃপক্ষের সাথে চুক্তি স্বাক্ষরের পর থেকে M-IMO-কে সকল Level- 3 অবকাঠামো (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপ লাইন, পাম্প প্রিপেইড মিটার, সার্ভার সিস্টেম, বৈদ্যুতিক সংযোগ ইত্যাদি) এবং Level- 2 অবকাঠামো (ছোট ও মাঝারি খালসমূহ) বুঝিয়ে দিতে হবে।

PMU, IMIP, MIP, BWDB, Dhaka ★ Office of the Project Director ★

খ) প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন না হওয়া পর্যন্ত সকল Level- 1 অবকাঠামো (ফেনী রেগুলেটর ও প্রধান নদী/খাল) ও Level- 2 অবকাঠামো (বড় খাল ও অবকাঠামোসমূহ) এবং Level- 3 (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন, পাম্প, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ইত্যাদি) এর কাজের সমাপ্তি ও রক্ষণাবেক্ষণের ব্যয় প্রকল্প দপ্তরকে বহন করতে হবে (বিদ্যুৎ বিল পরিষদ ও খুচরা ব্যয় ইত্যাদি অর্জিত সেচ চার্জ হতে ব্যয়যোগ্য)।

গ) বাপাউবো এর উপযুক্ত কর্তৃপক্ষের সাথে চুক্তি স্বাক্ষরের পর থেকে M-IMO-কে C-IMO এর অফিসের একাংশ কাজ করার জন্য বরাদ্দ প্রদান করতে হবে। হস্তান্তর পরবর্তীতে M-IMO সম্পূর্ণ অফিস ব্যবহার করবে।

ঘ) C-IMO এর বাজেট/তহবিল (আদায়কৃত সেচ চার্জ) হতে ব্যয় মিটানোর পর উদ্বৃত্ত অংশ (Seed Money) চুক্তি স্বাক্ষরের পর অনতিবিলম্বে নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) এর Escrow Account-এ হস্তান্তর করতে হবে। চুক্তি স্বাক্ষরের পর M-IMO কর্তৃক আলাদা Escrow Account খুলতে হবে।

ঙ) C-IMO এবং M-IMO উভয় টীমকে একটি সেচ মৌসুমের জন্য একসাথে কাজ করার সুযোগ থাকতে হবে। সেচ সেবা প্রদানের জন্য তাৎক্ষণিকভাবে পর্যবেক্ষণ, পরিস্থিতি মোকাবেলা এবং সিদ্ধান্ত গ্রহণে উভয় দলের জনশক্তি একসঙ্গে কাজ করবে।

চ) C-IMO অফিস রেকর্ড অনুযায়ী এলএলপি, নতুন নির্মিত ও পুনর্বাসিত সেচ/পানি নিষ্কাশন অবকাঠামো, অফিসের ও মাঠ পর্যায়ের সকল যন্ত্রপাতি/ফার্নিচার, ফাইল, রেজিস্টার ইত্যাদি সম্পদের তালিকা প্রস্তুত করবে এবং M-IMO এর ব্যবস্থাপনা পরিষদের নিকট হস্তান্তর করবে (Soft copy & Hard Copy)। M-IMO এর সাথে বাপাউবো'র চুক্তি সম্পন্নের পর C-IMO দ্বারা পরিচালিত Escrow Account এর ব্যালেন্স অর্থ Seed Money হিসাবে M-IMO এর Escrow Account এ হস্তান্তর করবে।

ছ) C-IMO সেবাচুক্তির নির্ধারিত সময়ের মধ্যে M-IMO কর্তৃক দায়িত্বভার গ্রহণ করবে।

১১। বিবিধ:

**এ গাইডলাইনটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজন অনুসারে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করা যাবে।**

Office of the Project Director ★ PMU, IMIP, MIP, BWDB, Dhaka ★

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা

বিষয়: Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP) (3rd Revised) শীর্ষক প্রকল্পের Management -Irrigation Management Operator (M-IMO) গঠন ও মুহরী সেচ প্রকল্পের গাইডলাইন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | নাজমুল আহসান<br>সচিব |
| সভার তারিখ | ০৯ আগস্ট, ২০২৩। |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পানি সম্পদ মন্ত্রণালয় যুগ্মসচিব (উন্নয়ন-১) জানান যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP) (3rd Revised) শীর্ষক প্রকল্পের আওতায় মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য Management Irrigation Management Operator (M-IMO) পুর্নগঠন করে প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। গত ০৫/০৭/২০২৩ তারিখে সভায় M-IMO গঠন ও নীতিমালা প্রণয়নের বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক বিদ্যমান আইন ও বিধিবিধান এবং জনবল ব্যবহার করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

সভাপতির অনুমতি নিয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP) (3rd Revised) শীর্ষক প্রকল্পের উন্নতর সেচ ব্যবস্থাপনার জন্য বর্তমানে C-IMO(Construction-Irrigation Management Operator) পরামর্শক সেবায় নিয়োজিত আছেন। প্রকল্পটির প্রায় শেষের পথে তাই C-IMO হতে প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষন এর দায়িত্বভার M-IMO পরিচালনা পর্ষদের নিকট হস্তান্তর করা প্রয়োজন। এরই আলোকে প্রকল্প পরিচালক M-IMO পুর্নগঠন করেছেন এবং গাইডলাইনের বিষয়গুলো বিস্তারিত তুলে ধরেন।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উপপরিচালক (আইন) বলেন যে, এই গাইডলাইনে যে সকল স্থানে সাল (Year) গুলো উল্লেখ করা হয়েছে তা ইংরজীতে হবে এবং সংজ্ঞার শেষে দাড়ি না দিয়ে সেমিকোলন দিতে হবে।

যুগ্মসচিব (উন্নয়ন-১) বলেন যে, IPEO প্রতিনিধিগণ M-IMO গঠনে জনবল নিয়োগসহ যে সুপারিশ করেছেন তা প্রতিপালন সময় সাপেক্ষ। কিন্তু বিদ্যামান আইন, বিধি অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পরিচালনা পর্ষদ ও মন্ত্রণালয়ের ক্ষমতার মধ্যে M-IMO এর গাইডলাইন করতে হবে। বিদ্যমান গাইডলাইনে আর্থিক নীতিমালা না থাকাই শ্রেয়। তিনি আরো বলেন বোর্ডের সম্প্রসারণ কর্মকর্তাদেরকে মাঠ পর্যায়ে আরো কাজে লাগাতে হবে।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, যেহেতু এটি একটি গাইডলাইন সেহেতু এটাকে পরিচালনা পর্ষদে না পাঠিয়ে মন্ত্রণালয়

Project Director PMU, IMIP, MIP, BWDB, Dhaka

অনুমোদন দিতে পারে। তিনি কেন্দ্রীয় কমিটিতে WARPO এর একজনকে সদস্য হিসেবে রাখার জন্য বলেন। তিনি গাইডলাইনে লক্ষ্য সংযুক্ত করার কথা ব্যক্ত করেন এবং কিছু কিছু অনুচ্ছেদ বাদ দিতে বলেন।

সভাপতি সার্বিক আলোচনার প্রেক্ষিতে প্রস্তাবিত M-IMO গাইডলাইন চূড়ান্ত করণের জন্য একটি কমিটি তৈরি করতে নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:
M-IMO গাইডলাইন চূড়ান্ত করণ কমিটি গঠন করতে হবে এবং কমিটি আগামী ১০ কর্মদিবসের মধ্যে গাইডলাইন চূড়ান্ত করবে।
কমিটির সদস্য নিম্নরুপ:
১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়-আহবায়ক;
২। যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়-সদস্য;
৩। জনাব মুহাম্মদ আমিরুল হক ভুঞা, অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-সদস্য;
৪। জনাব ড. শ্যামল চন্দ্র দাস, প্রধান পরিকল্পনা, প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-সদস্য;
৫। জনাব মাহফুজ আহমদ, প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-সদস্য;
৬। জনাব মোঃ রাফিউস সাজ্জাদ, প্রকল্প পরিচালক, Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP) (3rd Revised) শীর্ষক প্রকল্প-সদস্য;
৭। উপসচিব (উন্নয়ন-২ শাখা), পানি সম্পদ মন্ত্রনালয়-সদস্য সচিব।
উক্ত চূড়ান্তকরণ কমিটি পর্যালোচনা করে M-IMO গাইডলাইন/নীতিমালা প্রণয়ন করবে।
কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।
আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাটি শেষ করেন।

নাজমুল আহসান
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.২৪.১০০.১৭.২৮০

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩০
১৪ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৫) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

Office of the Project Director ★ PMU, IMIP, MIP, BWDB, Dhaka

৮) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) প্রকল্প পরিচালক, মুহুরী সেচ প্রকল্পের জন্য সেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) জনাব মোহাম্মদ আবু বকর সিদ্দিক ভূইয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী , প্রকল্প পরিচালক, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায় শীর্ষক প্রকল্প, বাপাউবো।।

১৪) জনাব আইয়ুব আলী, মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, কুষ্টিয়া।

১৫) নির্বাহী প্রকৌশলী, মুহুরী সেচ প্রকল্পের জন্য সেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৬) নির্বাহী প্রকৌশলী, মুহুরী সেচ প্রকল্পের জন্য সেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) জনাব স্বপন কুমার বড়ুয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।

১৮) জনাব মোহাম্মদ জহির উদ্দিন, নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী।

১৯) জনাব জাহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জিকে প্রকল্প, বাপাউবো, কুষ্টিয়া।

২০) জনাব অমলেশ চন্দ্র রায়, উপপ্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, রংপুর।

২১) অফিস, কপি।

মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম
উপসচিব

Office of the Project Director
PMU, IMIP, MIP, BWDB, Dhaka

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
গ্রীন রোড, ঢাকা।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
Green Road, Dhaka
Phone: 02-222230040-42

স্মারক নং: ২১৯-অমপ(পরি)-বাপাউবো/২০২৩

তারিখঃ ২৩/০৭/২০২৩খ্রিঃ

বিষয়ঃ **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুদান ও এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর ঋণ সহায়তাপুষ্ট Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project শীর্ষক প্রকল্পের আওতায় "মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য Management-Irrigation Management Operator (M-IMO) গঠন ও মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন" অনুমোদন ও প্রজ্ঞাপন জারী প্রসঙ্গে।**

সূত্র: (১) পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন-২ শাখা, স্মারক নং:৪২.০০.০০০০.০৩৫.২৪.১০০.১৭.২৪৭, তারিখ: ১৩/০৭/২০২৩খ্রি:
(২) অত্র দপ্তর স্মারক নং-১৬০-অমপ (পরি)/বাপাউবো-২০২৩, তারিখ: ০৮/০৬/২০২৩খ্রি:

**(দৃষ্টি আকর্ষণ: মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম, উপসচিব, উন্নয়ন-০২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়)**

মহোদয়,
যথাযথ সম্মানপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য Management-Irrigation Management Operator (M-IMO) গঠন, প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষনাবেক্ষণের নীতিমালা/গাইডলাইন প্রণয়নকরত: অনুমোদনের জন্য বাপাউবো হতে ইতোপূর্বে মন্ত্রণালয়ে প্রেরণের পরিপ্রেক্ষিতে বিগত ০৫/০৭/২০২৩খ্রি: পানি সম্পদ মন্ত্রণালয়ে উক্ত নীতিমালার উপরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত কমিটি গঠিত হয়।

| ক্র: নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ক) | **জনাব মুহাম্মদ আমিরুল হক ভূঞা,** অতিরিক্ত মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। | আহ্বায়ক |
| খ) | **জনাব মাহফুজ আহমদ,** প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| গ) | **জনাব ড. শ্যামল চন্দ্র দাস,** প্রধান পরিকল্পনা, প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ঘ) | **জনাব সাইফুল ইসলাম,** উপ-পরিচালক (আইন), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ঙ) | **জনাব মোহাম্মদ আবু বকর সিদ্দিক ভূইয়া,** প্রকল্প পরিচালক, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায় শীর্ষক প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| চ) | **জনাব মো: রাফিউস সাজ্জাদ,** প্রকল্প পরিচালক, IMIP-MIP, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

উপর্যুক্ত কমিটি কর্তৃক সভার নির্দেশনার আলোকে প্রস্তাবনাটি বিস্তারিত পর্যালোচনাপূর্বক একটি গাইডলাইন প্রণয়ন করা হয়।

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গাইডলাইন ডকুমেন্টটি ০২ (দুই) প্রস্থে প্রেরণ করা হলো।

এ পত্র প্রেরণে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

**সংযুক্তি: বর্ণনামতে।**

আপনার অনুগত,

২৩/০৭/২০২৩খ্রি:

**(এস, এম, শহিদুল ইসলাম)**
অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) (অ: দা:)
বাপাউবো, ঢাকা।

সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ
১। প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, IMIP, বাপাউবো, ঢাকা।
৩। সিএসও টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। দপ্তর কপি।

PMU, IMIP, MIP ★ Office of the Project Director ★ BWDB, Dhaka

E:\ADG (Planning)\Forwarding_Notesheet_Office Order\Forwarding_2023.docx

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
গ্রীন রোড, ঢাকা।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
Green Road, Dhaka
Phone: 02-222230040-42

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
০৮ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

স্মারক নং-১৬০-অমপ (পরি)/বাপাউবো-২০২৩

**বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুদান ও এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর ঋণ সহায়তাপুষ্ট Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP) (3rd Revised) শীর্ষক প্রকল্পের আওতায় মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য Management-Irrigation Management Operator (M-IMO) গঠন ও মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ (MOM) এর নীতিমালা অনুমোদন ও প্রজ্ঞাপন জারী প্রসঙ্গে।**

সূত্র: (১) বাপাউবো'র স্মারক নং-৩০৮-অমপ-(পরি), তারিখ: ২২/১২/২০২২খ্রি:
(২) পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন-২ শাখা, স্মারক নং:৪২.০০.০০০০.০৩৫.২৪.১০০.১৭.৬৭, তারিখ:২৫/০২/২০২৩খ্রি:
(৩) পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন-২ শাখা, স্মারক নং:৪২.০০.০০০০.০৩৫.২৪.১০০.১৭.১৫০, তারিখ:০৭/০৫/২০২৩খ্রি:

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের বরাতে সদয় জানানো যাচ্ছে যে, মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য Management-Irrigation Management Operator (M-IMO) পরিচালনা পরিষদ গঠন ও মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ (MOM) এর নীতিমালাটি অনুমোদন ও প্রজ্ঞাপন জারীর নিমিত্ত সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এ পত্র প্রেরণে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

সংযুক্তি: ১) ADB প্রদত্ত IPOE Report;
২) PMDC পরামর্শক কর্তৃক দাখিলকৃত খসড়া চুক্তি;
৩) C-IMO পরামর্শক কর্তৃক দাখিলকৃত O&M Manual;
৪) কর্মশালার কার্যবিবরণী;
৫) খসড়া নীতিমালা।

আপনার অনুগত,

০৮/৬/২০২৩
(মুহাম্মদ আমিরুল হক ভূঞা)
অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা)
বাপাউবো, ঢাকা।

সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
১। প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, IMIP, বাপাউবো, ঢাকা।
৩। সিএসও টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। দপ্তর কপি।

★ Office of the Project Director ★ PMU, IMIP, MIP, BWDB, Dhaka